# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 15, 1429 Bangla, January 29, 2023, Sunday, No. 29, 53rd year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina is expected to inaugurate 25 projects with involvement of around Taka 1,316.97 crore during her daylong visit to Rajshahi on Sunday. (R. Today: 12)

Awami League GS Obaidul Quader describes BNP's road march as its "funeral procession" and says the party's backward journey begins with this programme. (R. Tehran: 08)

Information and Broadcasting Minister Dr. Hasan Mahmud says, BNP have realized that they can not win in the next national elections. So, they are giving an excuse not to participate in the elections. (VOA: 05)

BNP SG Mirza Fakhrul Islam Alamgir urges the government to resign without wasting time to avert a shocking ouster. (R. ABC: 12)

Chief Justice says, lack of confidence in the judicial system is increasing due to rising incidents of lawyers boycotting court and personal attacks on judges for trivial reasons. (R. Today: 14)

Education minister Dr. Dipu Moni urges the people of the country not to pay heed to any rumors over content of NCTB textbooks, stating no book says humans evolved from monkeys. (VOA: 04)

Law Minister Anisul Huq says, Digital Security Act (DSA) has a significant necessity in the context of current reality. (VOA: 08)

Chief of military wing and bomb expert of new militant organization have taken refuge in the Rohingya camp, causing concern among locals that the crisis on Bangladesh-Myanmar border may increase. (R. Tehran: 09)

Experts say, fuel oil and gas prices are increasing in the international market. So, the only option for the Bangladesh government is to strengthen the exploration and production of gas. (BBC: 03)

European Union may increase the pressure by imposing visa restrictions on various countries, including Bangladesh, to take back irregular migrants. (DW: 11)

Police's Counter-Terrorism and Transnational Crime unit claimed to have arrested five suspected members of banned militant outfit Harkat-ul-Jihad Al-Islami (Huji) and one member of Al-Qaeda. (VOA: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১৫, ১৪২৯ বাংলা, জানুয়ারি ২৯, ২০২৩, রবিবার, নং- ২৯, ৫৩তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রবিবার রাজশাহী সফরে যাচ্ছেন। তিনি দিনব্যাপী সফরে প্রায় ১,৩১৬ কোটি ৯৭ লক্ষ টাকার ২৫ টি প্রকল্পের উদ্বোধন করবেন। (রে. টুডে: ১২)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বিএনপির পদযাত্রা কর্মসূচি প্রসঙ্গে বলেছেন, বিএনপির মরণযাত্রা ইতোমধ্যেই শুরু হয়ে গেছে। আগামী নির্বাচনেই হবে বিএনপির রাজনৈতিক মরণ। (রে. তেহরান: ০৮)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ, বলেছেন, আগামী জাতীয় নির্বাচনে বিএনপি যে জিততে পারবে না, তা তারা বুঝতে পেরেছে। আর সে কারণেই তারা নির্বাচনে অংশ না নেয়ার অজুহাত দিচ্ছে। (ভোয়া: ০৫)

বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সরকারকে সময় নষ্ট না করে পদত্যাগ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ক্ষমতা না ছাড়লে অত্যন্ত ভারাক্রান্ত হয়ে চলে যেতে হবে সরকারকে। (রে. এবিসি: ১২)

প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দীকী বলেছেন, তুচ্ছ কারণে আইনজীবীদের আদালত বর্জন ও বিচারককে ব্যক্তিগত আক্রমনের ঘটনায় বিচার ব্যবস্থার প্রতি আস্থাহীনতা বাড়ছে। (রে. টুডে: ১৪)

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পাঠ্যপুস্তকের বিষয়বস্তু নিয়ে গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েন। তিনি বলেছেন, কোনো বইয়ে বানর থেকে মানুষের উৎপত্তির কথা বলা হয়নি। (ভোয়া: ০৪)

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, যে কারণে ডিজিটাল নিরাপত্তা আইন করা হয়েছে, তা কেউ বলে না। বর্তমান বাস্তবতায় এ আইনের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে। (ভোয়া: ০৮)

নব্য জঙ্গি সংগঠনের সামরিক শাখার প্রধান ও বোমা বিশেষজ্ঞের রোহিঙ্গা ক্যাম্পে আশ্রয় নেয়ায় উদ্বেগ বেড়েছে স্থানীয়দের মাঝে, বাড়তে পারে বাংলাদেশ মিয়ানমার সীমান্তের সংকট। (রে. তেহরান: ০৯)

বিশেষজ্ঞরা বলছেন, আন্তর্জাতিক বাজারে এবারের জ্বালানি তেল ও গ্যাসের মূল্যবৃদ্ধির ফলে বাংলাদেশ সরকারের একমাত্র বিকল্প হতে পারে গ্যাসের আরও অনুসন্ধান ও উৎপাদন জোরদার করা। (বিবিসি: ০৩)

অনিয়মিত অভিবাসীদের ফেরত নেয়ার জন্য বাংলাদেশসহ বিভিন্ন দেশের উপর ভিসা কঠোরতা আরোপ করে চাপ বাড়াতে পারে ইউরোপীয় ইউনিয়ন। (ডয়চে ভেলে: ১১)

নিষিদ্ধ জঙ্গি সংগঠন হরকাত-উল-জিহাদ আল-ইসলামীর (হুজি) সন্দেহভাজন পাঁচ সদস্য এবং আল-কায়েদার একজন সদস্যকে গ্রেফতার করেছে বলে দাবি করেছে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট। (ভোয়া: ০৬)

# বিবিসি

## যেসব কারণে বাংলাদেশে গ্যাস অনুসন্ধানে অগ্রগতি নেই

জ্বালানি গ্যাসের দাম বাড়ানোর পরেও বাংলাদেশে শিল্পকারখানা ও ভোক্তা পর্যায়ে গ্যাসের সরবরাহ পুরোপুরি নিশ্চিত করা যাচ্ছে না। ডলার ও বিশ্ববাজারে মূল্যবৃদ্ধির কারণে একদিকে যেমন এলএনজি আমদানি নিয়ে জটিলতা তৈরি হয়েছে, তেমনি দেশীয় উৎসগুলো থেকেও গ্যাসের উৎপাদন বাড়াতে পারছে না সরকার। যদিও প্রাকৃতিক গ্যাস বাংলাদেশের প্রধান খনিজ সম্পদগুলোর অন্যতম। ফলে গ্যাস-নির্ভর বিদ্যুৎ ও শিল্পখাতগুলো নতুন সংকটের মুখোমুখি হয়েছে। এমনকি গ্যাসের সংকটের কারণে সার কারখানা এবং অনেক শিল্প কারখানাও বন্ধ রাখতে হচ্ছে বলে অভিযোগ করেছেন ব্যবসায়ীরা। বাংলাদেশের অভ্যন্তরীণ গ্যাস অনুসন্ধান ও উৎপাদনের চিত্রটি এখন কেমন? কেন দেশীয় উৎস থেকে গ্যাস সরবরাহ নিশ্চিত করা যাচ্ছে না?

বাংলাদেশে বর্তমানে মোট গ্যাসক্ষেত্র রয়েছে ২৮টি, যার মধ্যে ২০টি থেকে উৎপাদন করা হচ্ছে। প্রতিবছর এক টিসিএফ করে গ্যাস উত্তোলন করা হচ্ছে। পেট্রোবাংলার হিসাব অনুযায়ী, এসব গ্যাস ক্ষেত্রে মোট মজুদ ছিল ২৮ টিসিএফ গ্যাস। সেখান থেকে ১৯ টিসিএফ গ্যাস উত্তোলনের পর বর্তমানে মজুদ রয়েছে ৯.০৬ টিসিএফ ।

নতুন গ্যাস ক্ষেত্র আবিষ্কার না হলে এই মজুদ দিয়ে আগামী আট থেকে নয় বছর পর্যন্ত উত্তোলন করা যাবে। জ্বালানি বিশেষজ্ঞ বদরুল ইমাম বলছেন, 'আশির দশকে যখন অনেক গ্যাসক্ষেত্রে পাওয়া গেল, তখন এমন অবস্থা ছিল যে, আপনার অনেক গ্যাস আছে, কিন্তু চাহিদা ততোটা নেই। ফলে এরপর আর গ্যাস ক্ষেত্র অনুসন্ধানে বেশি গুরুত্ব দেয়া হয়নি।' সেই সময় দেশে গ্যাস নির্ভর বিদ্যুৎ উৎপাদন, পরিবহন খাত ও অনেক শিল্প, কলকারখানা গড়ে ওঠে। ২০০১ সালের পর দেশে রাতারাতি গ্যাসের চাহিদা বেড়ে যায়।

বিইআরসির তথ্য অনুযায়ী, বর্তমানে জ্বালানি খাতের প্রায় ৪৬ শতাংশ গ্যাস খাত থেকে সরবরাহ করা হয়। কিন্তু বিদেশি কোম্পানিকে দিয়ে গ্যাস অনুসন্ধানও কার্যত বন্ধ রয়েছে। সরকারি প্রতিষ্ঠান বাপেক্স-এর মাধ্যমেও গ্যাস অনুসন্ধানে কার্যকর কোন পদক্ষেপ ছিল না।

খনিজ সম্পদ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, 'এই পরিস্থিতি যে তৈরি হবে, তা আমরা কেউ জানতাম না। প্ল্যান করতে করতেই আমাদের সময় পার হয়ে যাচ্ছে। আমরা জানতাম না ডলারের এইভাবে ঘাটতি হবে, এনার্জির দাম বেড়ে যাবে। সেই সঙ্গে আমাদের কিন্তু কৃষি, শিল্পসহ সব খাতে জ্বালানি সরবরাহ অব্যাহত রাখতে হচ্ছে। ফলে বাধ্য হয়ে আমাদের আমদানি করতে হয়েছে। তবে আমাদের যে রিজার্ভ আছে, তাতে আট থেকে নয় বছর চলবে।'

গ্যাসের চাহিদা মেটাতে ২০১৮ সাল থেকে বাংলাদেশের সরকার তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানি করতে শুরু করে। কারণ দেশে ৪০০০ মিলিয়ন ঘনফুটের চাহিদা থাকলেও প্রতিদিন তিন হাজার ৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করে কোম্পানিগুলো। যার মধ্যে ৭৫০ মিলিয়ন ঘনফুট আমদানি করা এলএনজি গ্যাস। তখন বলা হয়েছিল, দেশে অনুসন্ধান ও উৎপাদনে যে খরচ পড়ে, তার চেয়ে কম দামে বিদেশ থেকে গ্যাস আমদানি করতে পারছিল বাংলাদেশ। কিন্তু আন্তর্জাতিক বাজারে স্পট মার্কেটে চড়া দামের কারণে চাহিদা অনুযায়ী এলএনজিও আমদানি করতে পারছে না সরকার।

২০১০ সাল থেকে বাংলাদেশের সরকার গুরুত্বের সঙ্গে দেশে গ্যাসের অনুসন্ধান শুরু করে। সেই সময় ২০১১ সালে নোয়াখালী সুন্দরপুরে এবং ২০১২ সালে কুমিল্লায় গ্যাস ক্ষেত্র পাওয়া যায়। এছাড়া ২০১৪ সালে নারায়ণগঞ্জের রূপগঞ্জে একটি গ্যাসক্ষেত্র পাওয়া গেলেও সেটি থেকে এক বিলিয়ন ঘনফুট গ্যাস তোলার পর বন্ধ হয়ে যায়। ভোলার ভাদুরিয়ায় ২০১৮ সালে একটি গ্যাসক্ষেত্র আবিষ্কার করে বাপেক্স। সর্বশেষ ২০২১ সালে সিলেটের জকিগঞ্জে একটি গ্যাসক্ষেত্রে আবিষ্কার হয়। তবে এ দু'টি থেকে এখনো পুরোপুরি উত্তোলন শুরু হয়নি।

ভারত ও মিয়ানমারের সাথে সমুদ্র-বিরোধ নিষ্পত্তি হলেও বঙ্গোপসাগরে এখনো কোন অনুসন্ধান কূপ খনন করতে পারেনি বাংলাদেশ। সাগরে এখন পর্যন্ত আবিষ্কার হওয়া একমাত্র গ্যাসক্ষেত্র সাঙ্গুও পরিত্যক্ত হয়েছে। বঙ্গোপসাগরে বাংলাদেশের প্রতিবেশী ভারত ও মিয়ানমার তাদের ব্লক থেকে গ্যাস তুলতে শুরু করেছে। বাংলাদেশও তাদের সমুদ্র ব্লকগুলোকে ২৬টি ব্লকে ভাগ করেছে। এসব ব্লকে গ্যাস উত্তোলনের জন্য আন্তর্জাতিক দরপত্রে চারটি প্রতিষ্ঠান অংশ নিয়েছিল। তার মধ্যে কনোকোফিলিপস দুই বছর অনুসন্ধান করার পর গ্যাসের দাম নিয়ে মতবিরোধে ব্লক ছেড়ে দেয়। কনোকোফিলিপস ও সান্তোস দাবি করেছিল যেন তাদের সাথে যে চুক্তি করা হয়েছিল, গ্যাসের দাম যেন তা থেকে বাড়িয়ে দেয়া হয়। তাতে বাংলাদেশ সরকার রাজি না হওয়ায় তারা চলে যায়। পরবর্তীতে সান্তোস ও ক্রিস এনার্জি, ভারতীয় কোম্পানি ওএনজিসি ভিদেশ ও অয়েল ইন্ডিয়া ইজারা নিয়েছিল। কিন্তু তারাও সরে যায়।

সর্বশেষ ২০১৬ সালে দক্ষিণ কোরিয়ার দাইয়ু কর্পোরেশনের সঙ্গে ১২ নম্বর ব্লকে গ্যাস উত্তোলনের উৎপাদন-অংশীদারিত্ব চুক্তি (পিএসসি) করে পেট্রোবাংলা। এই ব্লকের পাশেই মিয়ানমার অংশে সমুদ্র থেকে গ্যাস তুলছে দাইয়ু। বাংলাদেশের জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিবিসি বাংলাকে বলছেন, 'আমরা যতবারই দেখেছি, যে কোম্পানিগুলো এসেছে, ড্রিল করতে গিয়ে তারা চলে গেছে। তারা মনে করেছে, যে লেভেলে গ্যাস পাওয়া যাবে, সেটা তুলে তাদের

জন্য লাভজনক হয় না। এই জন্য তারা চলে গেছে। দুই বছর আগেও তারা চলে গেছে। এখন যেমন সার্ভে আবার শুরু হয়েছে।'

জ্বালানি বিশেষজ্ঞ বদরুল ইমাম বলছেন, 'বাংলাদেশে এতোদিন কেন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে জোর দেয়া হয়নি, তার কোন যৌক্তিক কারণ নেই। এটা বর্তমান সরকারের বিষয় না, বরাবরই আমাদের দেশে গ্যাস অনুসন্ধানে বা নিজেদের গ্যাস উত্তোলনে কখনো জোরালো অনুসন্ধান হয়নি। ২০০১ সালে চাহিদা বেড়ে যাওয়ার পর লক্ষ্য করা হয়, যে চাইলেই গ্যাস পাওয়া যাচ্ছে না। বিশ্বে যেখানে পাঁচটা কূপ খনন করলে একটা গ্যাস ক্ষেত্রে পাওয়া যায়, আমাদের এখানে গড়ে প্রায় তিনটা কূপ খনন করলে একটা মেলে। ফলে এখানে গ্যাস পাওয়ার সম্ভাবনা অনেক বেশি। কিন্তু তারপরেও কেন যেন বাংলাদেশের সরকার গ্যাস উত্তোলনে কখনো খুব বেশি আগ্রহী হয়নি।'

বদরুল ইমাম বলেন, আমরা বহু বছর ধরে শুনে আসছি, গ্যাসের মজুদ শেষ হয়ে আসছে। কিন্তু সেটা হয়নি। কারণ যতো অনুসন্ধান করা হচ্ছে, ততো নতুন নতুন গ্যাস ক্ষেত্রে পাওয়া গেছে। এগুলো কিন্তু যোগ হচ্ছে। ফলে আমাদের এই খাতে আরও ফোকাস করা উচিত।

বিশ্লেষকরা বলছেন, একটা সময় মনে করা হতো, বাংলাদেশে গ্যাস উত্তোলনে যে খরচ হবে, তার চেয়ে কম দামে বিদেশ থেকে গ্যাস আমদানি করা সম্ভব। এই কারণে বাংলাদেশের সরকার অনুসন্ধানে জোর না দিয়ে বরং গ্যাস আমদানিতে দীর্ঘমেয়াদি চুক্তি করেছে। গ্যাস অনুসন্ধানে এই ধীরগতির কথা স্বীকার করেছেন বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদও।

তিনি বলছেন, 'অনুসন্ধান হচ্ছে, যার কারণে গ্যাসের পরিমাণ বাড়ছে। তবে যে পরিমাণে ড্রাইভটা হওয়া দরকার ছিল, সেটা হয়তো হয়নি। সেটারও কারণ ছিল। আমাদের যথেষ্ট গ্রিড নেই। অর্থেরও প্রয়োজন হয়। একেকটা ড্রিল করতে ২১ মিলিয়নের মতো ডলার খরচ হয়। তবে বাপেক্স অনেক সময় যেভাবে চেষ্টা করা উচিত ছিল, সেভাবে পারেনি, এটা সত্যি কথা। আমাদের আসলে আরও অনেক ড্রিলিং করা উচিত ছিল। এখন আমরা ড্রাইভ দিচ্ছি। গত ১৩ বছরেও তো আমরা অনেকগুলো কূপ পেয়েছি।'

তবে জ্বালানি বিশেষজ্ঞ বদরুল ইমাম বলছেন, বাংলাদেশে যে জ্বালানি গ্যাসের বিপুল সম্ভাবনা আছে, সেটা বিদেশি কোম্পানিগুলোর কাছে তুলে ধরতে হবে। সেই সঙ্গে দামের ক্ষেত্রেও সমন্বয় করতে হবে। এই সম্ভাবনা ঠিক মতো তুলে ধরতে না পারার কারণেই কোম্পানিগুলো আগ্রহী হচ্ছে না। এজন্য তিনি সরকারি নীতিতে পরিবর্তন আনার পরামর্শ দিচ্ছেন।

তবে জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলছেন, বিশ্ববাজারে গ্যাসের দাম বেড়ে যাওয়ায় এখন অনেক কোম্পানি বাংলাদেশের গ্যাসের ব্যাপারে আগ্রহী হচ্ছে। বাপেক্সও জোরেশোরে অনুসন্ধান শুরু করেছে। তবে তিনি সতর্ক করে দিয়ে বলছেন, বাংলাদেশের গ্যাসের অনুসন্ধান অনেকটা বিশ্ব বাজারে গ্যাসের দামের ওপরেও নির্ভর করে।

'এখন গ্যাসের দাম বেড়েছে। ফলে অনেক কোম্পানি আগ্রহী হচ্ছে। গ্যাসের আরও এক্সপ্লোরেশন হচ্ছে। এই বছর আরও ৪৬টি ড্রিল হবে। কিন্তু এটা সত্যি যে, আমাদের গ্যাসের মজুদও কিন্তু কমছে। কিন্তু সমস্যা হলো, গ্যাসের দাম যদি বিশ্বে আবার কমে যায়, তখন আর কোম্পানিগুলো আগ্রহী হয় না। কারণ তাদের তো ইনভেস্ট করে লাভ করতে হবে,' তিনি বলছেন।

বিশেষজ্ঞরা বলছেন, আন্তর্জাতিক বাজারে এবারের জ্বালানি তেল ও গ্যাসের মূল্যবৃদ্ধি চোখে আঙ্গুল দেখিয়ে বুঝিয়ে দিয়েছে যে, জ্বালানির জন্য নিজস্ব দীর্ঘমেয়াদি উৎস থাকা দরকার। সেজন্য বাংলাদেশ সরকারের একমাত্র বিকল্প হতে পারে গ্যাসের আরও অনুসন্ধান ও উৎপাদন জোরদার করা।

(বিবিসি-ওয়েব পেজ-সায়েদুল ইসলাম ২৮.০১২০২৩ সাইফুর ও কোহিনুর)

## ভয়েস অফ আমেরিকা

### নতুন পাঠ্যপুস্তক নিয়ে গুজবে কান দিবেন না: শিক্ষামন্ত্রী দীপু মনি

বাংলাদেশের শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) পাঠ্যপুস্তকের বিষয়বস্তু নিয়ে গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েন। তিনি বলেছেন যে, কোনো বইয়ে বানর থেকে মানুষের উৎপত্তির কথা বলা হয়নি। শুক্রবার (২৭ জানুয়ারি) চাঁদপুরে ডাকাতিয়া নদীর তীরে ব্র্যাকের তিনটি শিক্ষাতরী উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেন, বরং পাঠ্যপুস্তকে বলা হয়েছে যে, মানুষ বানর থেকে বিবর্তিত হয়নি। একটি স্বার্থান্বেষী মহলের ছড়ানো ভুল তথ্যে কান দেবেন না। তিনি বলেছেন যে, পাঠ্যপুস্তকে বানরের দৃষ্টান্ত ব্যবহার করা হয়েছিল এটি দেখানোর জন্য যে, মানুষ তাদের থেকে বিকশিত হয়নি। বইয়ে তিনবার উল্লেখ করা হয়েছে যে, বানর মানুষের পূর্বপুরুষ নয়।

বাংলাদেশের শিক্ষামন্ত্রী সত্যতা যাচাইয়ের জন্য জনগণকে বই পড়ার আহ্বান জানান। তিনি আরো বলেন, পাঠ্যপুস্তকে ইসলাম সম্পর্কে কোনো অবমাননাকর মন্তব্য নেই। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## দৌলতদিয়া-পাটুরিয়া নৌ-পথে ডুবোচর, ফেরি চলাচল ব্যবহত

বাংলাদেশের রাজবাড়ীর জেলার দৌলতদিয়া এবং মানিকগঞ্জ জেলার পাটুরিয়া নৌ-পথের ডুবোচর খনন করে নৌ-চলাচল চ্যানেল তৈরি করার এক মাসের মধ্যেই আবার ডুবোচর জেগে উঠেছে। এছাড়া, উজানের বালুমাটি এসে পড়ায় চ্যানেল ভরাট হয়ে গেছে। এমন পরিস্থিতিতে ফেরি চলছে ওয়ানওয়ে পদ্ধতিতে।

এর আগে, ডুবোচরের কারণে দৌলতদিয়া-পাটুরিয়ার তিন কিলোমিটার নদী পাড়ি দিতে অতিরিক্ত দুই-তিন কিলোমিটার ঘুরতে হতো। যে কারণে ২৫-৩০ মিনিটের পথ পাড়ি দিতে সময় লাগতো এক ঘণ্টার বেশি। মাসখানেক আগে দুই হাজার ফুট লম্বা ও ৩০০ ফুট চওড়া করে ডুবোচর কেটে চ্যানেল তৈরি করা হয়। গত ২৩ ডিসেম্বর খুলে দেয়া হয় এই চ্যানেল। এর মধ্যেই খনন করা চ্যানেল বালুমাটি পড়ে ভরাট হয়ে গেছে। আবার জেগে উঠেছে ডুবোচর। এর ফলে, পাশাপাশি দুটি ফেরি আসা-যাওয়া করতে পারছে না। দুর্ঘটনা এড়াতে ওয়ানওয়ে পদ্ধতিতে ফেরিগুলো চলাচল করছে। ফেরি মাস্টাররা দ্রুত ড্রেজিংয়ের মাধ্যমে চ্যানেলের নাব্যতা ঠিক রাখার দাবি জানিয়েছেন।

রো রো ফেরি শাহ জালালের প্রধান মাস্টার ফিরোজ আহম্মেদ বলেন, ফেরি চলাচলের সময় পাখার ঘূর্ণিপাকে বালুমাটি দুই পাশ থেকে ধসে চ্যানেলে পড়ছে। উজান থেকেও প্রতিনিয়ত স্রোতের তোড়ে বালুমাটি চ্যানেলে পড়ছে, চ্যানেল ভরাট হয়ে যাচ্ছে। দুই পাশে পানি কম থাকায় মার্কিং করা হয়েছে। তারপরও পাশাপাশি দুটি ফেরি আসা যাওয়ায় ঝুঁকিপূর্ণ বলে ওয়ানওয়ে পদ্ধতিতে চলাচল করতে হচ্ছে। দ্রুত খনন করা প্রয়োজন। তা না হলে যে কোনো মুহূর্তে চ্যানেল বন্ধ হয়ে যেতে পারে।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) আরিচা কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক (মেরিন) আব্দুস সাত্তার বলেন, ডুবোচরের কারণে দুই-তিন কিলোমিটার পথ ঘুরে ফেরি চলাচল করায় ড্রেজিং শেষে ২৩ ডিসেম্বর নতুন চ্যানেল খুলে দেয়া হয়। বালুমাটি পড়ে চ্যানেল ভরাট হয়ে যাচ্ছে। আমরা চ্যানেলটি ঠিক রাখতে বিআইডব্লিউটিএকে জানিয়েছি।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) আরিচা কার্যালয়ের সহকারী প্রকৌশলী (ড্রেজিং) মো. মাসুদ রানা বলেন, একমাসের বেশি ড্রেজিংয়ের মাধ্যমে প্রায় দুই হাজার ফুট লম্বা ও ৩০০ ফুট চওড়া চ্যানেল তৈরি করা হয়েছিল। চ্যানেলে পানির গভীরতা ছিল ১৬ ফুট। নতুন করে ড্রেজিং করার প্রয়োজন হলে আমাদের সে প্রস্তুতি আছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## আওয়ামী লীগ চায় সব দল নির্বাচনে অংশগ্রহণ করুক: তথ্যমন্ত্রী হাছান মাহমুদ

বাংলাদেশের তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন যে, আওয়ামী লীগ চায় প্রতিটি রাজনৈতিক দল নির্বাচনে অংশগ্রহণ করুক। তিনি বলেন, আগামী জাতীয় নির্বাচনে বিএনপি যে জিততে পারবে না, তা তারা বুঝতে পেরেছে। আর সে কারণেই তারা নির্বাচনে অংশ না নেয়ার অজুহাত দিচ্ছে। শনিবার (২৮ জানুয়ারি) রাজশাহীতে আওয়ামী লীগ কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

হাছান মাহমুদ বলেন, আমরা বিএনপির সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত করতে চাই। তিনি বলেন, দেশের সংবিধান অনুযায়ী নির্বাচন হবে। বিএনপি পাকিস্তানকে অনুসরণ করতে চায়। কিন্তু আমাদের নির্বাচনী প্রক্রিয়া হবে অস্ট্রেলিয়া, ভারত, যুক্তরাষ্ট্র ও জাপানের মতো।

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক হাছান মাহমুদ বলেন, ২০১৪ সালের জাতীয় নির্বাচনে বিএনপি গণতন্ত্রকে ধ্বংস করার চেষ্টা করেছিল। তারা ৫০০ ভোটকেন্দ্র পুড়িয়ে দিয়েছে এবং বেশ কয়েকজন নির্বাচন কর্মকর্তাকে হত্যা করেছে। তথ্যমন্ত্রী হাছান মাহমুদ জানান যে, দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির কারণে সব আসনে ইভিএম (ইলেকট্রনিক ভোটিং মেশিন) ব্যবহার করা সম্ভব নয়। তিনি বলেন, নির্বাচন কমিশন ইভিএম কেনার জন্য প্রায় ১০ লাখ ডলারের প্রকল্প প্রস্তাব করেছে। যাই হোক, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনা করে আমরা প্রকল্পে অগ্রসর না হওয়ার সিদ্ধান্ত নিয়েছি। তিনি আরো বলেন, নির্বাচন অনুষ্ঠান করা কমিশনের এখতিয়ারে হওয়ায় নির্বাচনের তারিখ ঘোষণার পর সরকার কোনো ওসি, ইউএনও, এমনকি কনস্টেবলকেও বদলি করতে পারবে না।

(ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## বঙ্গবন্ধু রেল সেতুর মালামাল নিয়ে মোংলা বন্দরে বিদেশি জাহাজ

বঙ্গবন্ধু রেলওয়ে সেতুর মালামাল নিয়ে একটি বিদেশি জাহাজ মোংলা বন্দরে ভিড়েছে। পানামার পতাকাবাহী এমভি মারস নামে জাহাজটি শুক্রবার (২৭ জানুয়ারি) দুপুরে বন্দরের ৭ নম্বর জেটিতে নোঙর ফেলে। জাহাজটিতে ১৯৩ প্যাকেজে এক হাজার ৫১৯ মেট্রিক টন সেতুর মুল অবকাঠামোর মালামাল রয়েছে। এখন জাহাজ থেকে মালামাল খালাসের কাজ চলছে।

এমভি মারস জাহাজের স্থানীয় শিপিং এজেন্ট হক অ্যান্ড সন্স লিমিটেডের খুলনার অপারেশন ম্যানেজার (শিপিং বিভাগ) শওকত আলী সাংবাদিকদের জানান যে, বঙ্গবন্ধু রেলওয়ে সেতুর মুল অবকাঠামো তৈরির মালামাল নিয়ে জাহাজটি ১৬ জানুয়ারি ভিয়েতনামের হাইপোং বন্দর থেকে মোংলা বন্দরের উদ্দেশ্যে ছেড়ে আসে। শুক্রবার দুপুরে মোংলা বন্দরে নোঙর ফেলে। জাহাজটিতে ১৯৩ প্যাকেজে ১ হাজার ৫১৯ মেট্রিক টন মালামাল রয়েছে।

এ নিয়ে পঞ্চমবার জাহাজে করে বঙ্গবন্ধু রেলওয়ে সেতুর মালামাল এসেছে। মোংলা বন্দরের হারবার মাস্টার ক্যাপ্টেন শাহিন মজিদ জানান, জাহাজ থেকে সেতুর মালামাল খালাস কাজ চলছে। রবিবারের (২৯ জানুয়ারি) মধ্যে খালাস শেষ হতে পারে। উল্লেখ্য, সিরাজগঞ্জে যমুনা নদীর উপর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রেলওয়ে সেতুর নির্মাণ কাজ চলছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## ঢাকায় পাঁচ হুজি ও এক আল-কায়েদা সদস্য গ্রেফতার: সিটিটিসি

নিষিদ্ধ জঙ্গি সংগঠন হরকাত-উল-জিহাদ আল-ইসলামীর (হুজি) সন্দেহভাজন পাঁচ সদস্য এবং আল-কায়েদার একজন সদস্যকে গ্রেফতার করেছে বলে দাবি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। শনিবার (২৮ জানুয়ারি) এক প্রেস ব্রিফিংয়ে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের প্রধান মো. আসাদুজ্জামান এ তথ্য জানান।

ব্রিফিংয়ে আসাদুজ্জামান আরো জানান যে, অভিযানের সময় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের কাছ থেকে নয়টি মোবাইল ফোন সেট জব্দ করেছে। শুক্রবার রাজধানী ঢাকার বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন- ফখরুল ইসলাম (৫৮), সাইফুল ইসলাম (২৪), সুরুজ্জামান (৪৫), আবদুল্লাহ আল মামুন (৪৬), দীন ইসলাম (২৫) ও মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন (৪৬)।

ফখরুল গাজীপুরের তামিরুল মিল্লাত মাদ্রাসায় নিরাপত্তারক্ষী ছিলেন। তিনি ১৯৮৮ সালে পাকিস্তানে যান। সেখানে তিনি বাংলাদেশি বংশোদ্ভূত আল-কায়েদা কমান্ডার মুফতি জাকির হোসেনের সঙ্গে দেখা করেন। পরে ফখরুল মুফতি জাকিরের সঙ্গে বেশ কয়েকবার আফগানিস্তানে গিয়ে অস্ত্র প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণে ফখরুল একে-৪৭, এলএমজি, রকেট লঞ্চারসহ বিভিন্ন আগ্নেয়াস্ত্রের ব্যবহার শিখেছেন জানায় পুলিশ।

এরপর ফখরুল আল-কায়েদা নেতা মোল্লা ওমর এবং ওসামা বিন লাদেনের সঙ্গে দেখা করেন বলে জানান সিটিটিসি প্রধান আসাদুজ্জামান। তিনি বলেন, আফগানিস্তানে জিহাদি প্রশিক্ষণ শেষ করে ফখরুল পাকিস্তানের করাচিতে ফিরে আসেন। করাচি থেকে তিনি ১৯৯৫ সালে ইরানের রাজধানী তেহরানে যান এবং সেখানে প্রায় তিন বছর থাকার পর আবার করাচিতে ফিরে আসেন। ১৯৯৮ সালে ফখরুল বাংলাদেশে ফিরে আসেন।

এছাড়া হাফেজ মো. আবদুল্লাহ আল মামুন নিজেদের মধ্যে যোগাযোগের জন্য এনক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে একটি সোশ্যাল মিডিয়া গ্রুপ চালাতেন বলে জানান আসাদুজ্জামান। মো. আসাদুজ্জামান ব্রিফিংয়ে বলেন, তিনি একটি ইউটিউব চ্যানেল তৈরি করেছেন, যেখানে তিনি অন্যান্য সদস্যদের সঙ্গে বোমা তৈরির ম্যানুয়াল এবং ভিডিওসহ চরমপন্থা-উস্কানিমূলক বিষয়বস্তু শেয়ার করেছেন। গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## ১০ দফা দাবির সমর্থনে ঢাকায় বিএনপির পদযাত্রা কর্মসূচি

১০ দফা দাবিতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চারদিনের কর্মসূচির অংশ হিসেবে রাজধানী ঢাকার শাহজাদপুর থেকে মালিবাগ পর্যন্ত পদযাত্রা করেছে দলটির ঢাকা উত্তর সিটি ইউনিট। তাদের দাবির মধ্যে রয়েছে- নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে আগামী সাধারণ নির্বাচন অনুষ্ঠান।

শনিবার (২৮ জানুয়ারি) দুপুর আড়াইটার দিকে শাহজাদপুরের হোসেন মার্কেটের সামনে এ কর্মসূচির উদ্বোধন করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। কর্মসূচি শুরুর আগে সংক্ষিপ্ত বক্তব্যে বিএনপি মহাসচিব দলের নেতা-কর্মীদের কোনো উসকানি না দিয়ে শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালনের আহ্বান জানান। মির্জা ফখরুল বলেন, আমরা এখন পর্যন্ত আমাদের সকল কর্মসূচি শান্তিপূর্ণভাবে পালন করেছি এবং শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমে তাদের (সরকার) পতন নিশ্চিত করব। পদযাত্রা কর্মসূচিকে সরকারের বিরুদ্ধে নীরব প্রতিবাদ হিসাবে উল্লেখ করেন তিনি। বলেন, জনগণকে সঙ্গে নিয়ে তারা সরকারকে পদত্যাগ করতে বাধ্য করবেন। সরকারের বিরুদ্ধে জনগণের ভোটাধিকার ছিনিয়ে নেয়ার অভিযোগ করেন বিএনপি মহাসচিব। বলেন, আওয়ামী লীগ সরকারকে হটিয়ে জনগণের ভোটাধিকার ফিরিয়ে আনতে হবে। আওয়ামী লীগ যতদিন ক্ষমতায় থাকবে, ততোদিন কোনো সুষ্ঠু নির্বাচন হবে না। তাই আওয়ামী লীগ সরকারকে ক্ষমতা ছেড়ে দিয়ে এবং সংসদ ভেঙে দিয়ে একটি তত্ত্বাবধায়ক সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে, যাতে মানুষ একটি নতুন নির্বাচন কমিশনের অধীনে তাদের ভোট দিতে পারে। বিএনপি ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা ব্যানার, ফেস্টুন হাতে নিয়ে কর্মসূচিতে যোগ দেন। তারা সরকারের পদত্যাগ ও দলের নেতাকর্মীদের মুক্তির দাবিতে বিভিন্ন স্লোগান দিচ্ছেন। এদিকে, বিএনপির এই কর্মসূচিকে সামনে রেখে আইন-শৃঙ্খলা রক্ষা ও যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিপুল সংখ্যক সদস্যকে মোতায়েন করা হয়। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## স্মার্ট সিটি গড়তে প্রয়োজন দায়িত্বশীল স্মার্ট নাগরিক: স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম

বাংলাদেশের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, দেশের সিটিগুলোকে স্মার্ট করে গড়ে তুলতে প্রয়োজন হবে দায়িত্বশীল স্মার্ট নাগরিক। শনিবার (২৮ জানুয়ারি) বিটিআরসি আয়োজিত এক সেমিনারে একথা বলেন তিনি।

স্থানীয় সরকারমন্ত্রী বলেন, আমাদের স্মার্ট বাংলাদেশে সব নাগরিক সুবিধা থাকবে। পানি সরবরাহ, স্যানিটেশন ব্যবস্থা, গৃহস্থালি ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনা থাকবে এবং নগরে যথাযথ ট্রাফিক ব্যবস্থা থাকবে। তাজুল ইসলাম বলেন, সুস্থ স্বাভাবিক নতুন প্রজন্ম গড়ে তুলতে হলে তাদের জন্য যথাযথ লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার ব্যবস্থা করতে হবে। আধুনিক সুযোগ-সুবিধার মাধ্যমে তাদের দায়িত্বশীল স্মার্ট নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এছাড়া কৃষি, শিক্ষা, স্বাস্থ্য অর্থনীতিসহ সব খাতকে আধুনিকভাবে গড়ে তুলতে হবে।

স্থানীয় সরকারমন্ত্রী বলেন, বর্তমান সরকার শুধু স্বপ্ন দেখায় না, স্বপ্নকে বাস্তবে রূপ দেয়। ডিজিটাল বাংলাদেশ এখন আর স্বপ্ন নয়, বাস্তব। এমনই স্মার্ট বাংলাদেশ বা স্মার্ট সিটিও বাস্তবে রূপ নেবে। এজন্য আমাদের সমন্বিতভাবে কাজ করতে হবে। তিনি বলেন, সিঙ্গাপুরের উদাহরণ দেয়া হলেও আমাদের দেশের বাস্তবতায় স্মার্ট নগরী গড়ে তুলতে হবে। বাংলাদেশের শহরগুলোর প্রেক্ষিতে স্থানীয় বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে স্মার্ট সিটি বাস্তবায়নে কাজ করতে হবে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য ও প্রযুক্তি ইনস্টিটিটিউটের অধ্যাপক ড. বি এম মইনুল হোসেন। তিনি উল্লেখ করেন যে, স্মার্ট সিটিতে অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে আধুনিক নাগরিক সেবাসহ সব সেবা সরবরাহ করা হয়। সংশ্লিষ্ট নাগরিকদেরও স্মার্ট সিটি গড়ার কাজে অংশগ্রহণ করতে হবে।

(ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## ফেনীতে জামায়াতের ১২ নেতাকর্মী আটক, মামলা দায়ের

বাংলাদেশের ফেনীতে জামায়াতে ইসলামীর ১২ নেতা-কর্মীকে আটক করেছে পুলিশ। শনিবার (২৮ জানুয়ারি) সকালে জামায়াতের ফেনী জেলা শাখার কার্যালয়ে একটি বৈঠক থেকে তাদের আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। আটক জামায়াত কর্মীরা হলেন- মোহাম্মদ শফিউল্যাহ (৫৩), মোস্তফা আজিম (৪০), মোহাম্মদ শাহ আলম (৪৮), আবু তাহের (৫৪), আব্দুল মতিন (৪৪), মো. সালাউদ্দিন (৩২), আলমগীর (৪০), জাকির হোসেন (৩৫), আব্দুল মোতালেব (৩৮), মনির হোসেন (৪১), মো. মহিউদ্দিন (৩৪), মো. ইসরাফিল (১৮)। এরা সকলেই ফেনী জেলার বাসিন্দা বলে প্রাথমিকভাবে জানিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, সকালে ফেনী শহরের শান্তি কোম্পানি রোড এলাকায় অবস্থিত জামায়াতের জেলা কার্যালয়ে অভিযান চালানো হয়। এসময় নাশকতার পরিকল্পনাকালে ৫টি ককটেল ও জিহাদী বইসহ ১২জনকে আটক করা হয়। ফেনী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নিজাম উদ্দিন জানান, আটক ব্যক্তিরা কার্যালয়ে বসে গোপন বৈঠক করে নাশকতার পরিকল্পনা করছিলেন। আটকদের জিজ্ঞাসাবাদ শেষে মামলা দায়ের করে আদালতে সোপর্দ করা হয়েছে।

এদিকে, জামায়াতের ফেনী জেলা শাখার আমির মাস্টার শামসুদ্দীন জানান যে, সেখানে শ্রমিক কল্যাণ ফেডারেশনের একটি সভা ছিল। নাশকতার পরিকল্পনার অভিযোগ কাল্পনিক ও বানোয়াট। অবিলম্বে আটক নেতাকর্মীর মুক্তির দাবি জানান তিনি। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## বাংলাদেশে সংবিধানের আলোকে আইনের শাসন প্রতিষ্ঠিত হয়েছে: প্রাণিসম্পদ মন্ত্রী রেজাউল করিম

বাংলাদেশে সংবিধানের আলোকে আইনের শাসন প্রতিষ্ঠিত হয়েছে বলে উল্লেখ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম। তিনি বলেছেন, সংবিধানের আলোকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করেছেন। শনিবার (২৮ জানুয়ারি) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাজী মোতাহার হোসেন ভবন প্রাঙ্গণে বাংলাদেশ ছাত্রলীগের এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

রেজাউল করিম অভিযোগ করেন যে, আইনের শাসন ধ্বংস করার জন্য দেশে ও দেশের বাইরে সম্মিলিত চেষ্টা হয়েছিল। প্রধানমন্ত্রী সে চেষ্টার বিপরীতে সাহসী ভূমিকা রেখে আইনের শাসন প্রতিষ্ঠা করেছেন। তাই আজ সংবিধানের আলোকে বাংলাদেশে আইনের শাসন প্রতিষ্ঠা পেয়েছে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যার পর বাংলাদেশে খুনের রাজত্ব কায়েম, খুনিদের পুনর্বাসন, গণতন্ত্র ধ্বংস, আইনের শাসন ধ্বংস ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থাকে বিতর্কিত করার কাজ ধারাবাহিকভাবে করা হয়েছে। তিনি আরো বলেন, সংবিধানের ১৫ অনুচ্ছেদে বর্ণিত মৌলিক চাহিদা অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা এবং সংবিধানের চারটি স্তম্ভ গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও জাতীয়তাবাদ প্রতিষ্ঠা হয়েছে বঙ্গবন্ধুর হাতে ধরে। বঙ্গবন্ধুর উত্তরসূরি শেখ হাসিনা সেটা বিকশিত করছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বাস করেন আইনের শাসনের কোনো বিকল্প নেই, উল্লেখ করেন প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## খুলনা মহানগরীতে পুরাতন দুর্লভ সামগ্রী প্রদর্শনী

খুলনা মহানগরীতে অনুষ্ঠিত হয়েছে পুরাতন দুর্লভ সামগ্রী প্রদর্শনী। বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) খুলনা মহানগরীর সোনাডাঙ্গা আবাসিক এলাকার এনজিও ফোরাম মিলনায়তনে খুলনা কালেক্টরস সোসাইটি তিনদিনে এই প্রদর্শনীর আয়োজন করে। প্রদর্শনীতে প্রাচীন মুদ্রা, যুদ্ধাস্ত্র, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মানিতে ব্যবহৃত বিষমিশ্রিত বেয়নেট, মোগল সাম্রাজ্যে ব্যবহৃত ঢাল ও আঙুলের বর্ম, সপ্তদশ শতাব্দিতে রৌপ্য ও তামার সংমিশ্রণে হাতে তৈরি প্লেট, সোভিয়েত ইউনিয়নের নৌ-বাহিনীর সাবমেরিনে ব্যবহৃত চাবি দেয়া ঘড়ি, প্রাচীন পেপার, পত্রিকাসহ শত শত দুর্লভ সামগ্রী প্রদর্শিত হয়। শৌখিন সংগ্রাহকদের এই সামগ্রীগুলো পূর্বসূরিদের কাছ থেকে প্রাপ্ত ঐতিহাসিক দ্রব্য।

সংগ্রাহকরা বলেন, ভবিষ্যতেও ধারাবাহিকভাবে এমন আয়োজন করা হবে। প্রদর্শনীতে এসে মানুষের জ্ঞান ও শিক্ষার বিকাশ ঘটাতে পারে।

সংগ্রাহক ও নজরুল গবেষক সৈয়দ আলী হাকিম বলেন, ইতিহাস ঐতিহ্যের অনেক স্মারক নতুন প্রজন্মের কাছে অচেনা। তাদের সামনে সেসব দুর্লভ সংগৃহীত বস্তু উপস্থাপন করতে এ আয়োজন করা হয়েছে। আয়োজক সংগঠনের সভাপতি রবিউল ইসলাম বলেন, ইতিহাস ঐহিত্য সম্পর্কিত অনেক কিছুই অনেকে সংগ্রহ করতেন। জ্ঞান বৃদ্ধি করা যায় এমন কিছু সংগ্রহ করা হতো। এখন তো সবাই গেজেট আসক্ত। এর বাইরে যে জগত আছে, তাকে আবিষ্কার করতে হবে। আর অন্য কিছু দিয়ে যে আনন্দ উপভোগ করা যায়, সেটা উপস্থাপন করার জন্যই এ প্রদর্শনীর আয়োজন। ভারত ও ইংল্যান্ডসহ দেশের মোট ৩১জন সংগ্রাহক তাদের সংগ্রহকৃত বস্তু প্রদর্শন করছেন এখানে।

প্রদর্শনীতে কয়েন, ব্যাংক নোট, কুপিবাতি, এন্টিক মূল্য আছে এমন অনেক দ্রব্যসহ প্রায় ১০ হাজারের বেশি দ্রব্য রয়েছে। আড়াই হাজার বছর পুরাতন থেকে বর্তমান সময় পর্যন্ত ধারাবাহিকভাবে কয়েন আছে প্রদর্শনীতে। রয়েছে, শতবর্ষ প্রাচীন লাড্ডু গোপাল মূর্তি, গহনার বাক্স, পিতলের ইস্ত্রী, বেদেদের বাঁশি, প্রাচীন বাটখারা, বাংলাদেশ সৃষ্টির পর থেকে প্রচলিত মুদ্রা ও ব্যাংক নোট।

আছে বঙ্গবন্ধুর ছবিসংবলিত অর্ধশতাধিক ডাকটিকিট, মহান মুক্তিযুদ্ধে অসামান্য কৃতিত্বের জন্য দেয়া খেতাব ও মেডেল, পিতলের হুক্কা, পাথরের হুক্কা, মাটির হুক্কা, হরেক রকম ম্যাচবক্স, বিভিন্ন প্রকারের মেডেল, আদিবাসীদের গহনা, প্রাচীন আমলের কেটলি, রাজাকারদের বেতনের নথি, পানের বাটা, গোল্ড কয়েনসহ অনেক কিছু।

সংগ্রাহক এম এম হাসান জানান যে, তার কাছে স্বাধীনতার পর থেকে বাংলাদেশ ডাক বিভাগের যত ডাক টিকিট আছে, সবই তার কাছে আছে। শখের বসে তিনি এসব সংগ্রহ করেছেন। প্রদর্শনীতে তার সংগ্রহ করা ডাকটিকিট দেখে মুগ্ধ দর্শনার্থীরা। তিনদিনের এ প্রদর্শনী শেষ হয়েছে শনিবার (২৮ জানুয়ারি)।

(ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

### ডিজিটাল নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তা রয়েছে : আইনমন্ত্রী আনিসুল হক

বর্তমান বাস্তবতায় ডিজিটাল নিরাপত্তা আইনের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে উল্লেখ করেছেন বাংলাদেশের আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন, যে কারণে এ আইন করা হয়েছে, তা কেউ বলে না। শুধু বলা হয় বাক-স্বাধীনতা ও সংবাদ মাধ্যমের স্বাধীনতা হরণ করার জন্য এ আইন করা হয়েছে, যা মোটেও সঠিক নয়। শনিবার (২৮ জানুয়ারি) ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ আয়োজিত 'নিরাপদ ডিজিটাল সমাজ: রাষ্ট্রের ভূমিকা' শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি।

আইন হলে তার কিছু অপব্যবহার হয়, এটা স্বাভাবিক উল্লেখ করেন আইনমন্ত্রী। তিনি বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনকে পাশ কাটিয়ে কীভাবে অপরাধ করা যায়, সে ব্যাপারেও চেষ্টা হবে। কারণ অপরাধীরা সবসময় একধাপ এগিয়ে থাকার চেষ্টা করে। পুলিশ ও আইন প্রণেতাদের এখন প্রকৃত অপরাধীদের থেকে দুই ধাপ এগিয়ে থাকার চেষ্টা করতে হবে। ডাটা সুরক্ষা আইন প্রসঙ্গে আনিসুল হক বলেন, আগে আইন প্রণয়ন করার জন্য অংশীজনদের সঙ্গে কোনো পরামর্শ করা হতো না। এখন অংশীজনদের সঙ্গে আলাপ-আলোচনা করে আইন তৈরি করা হয়। অংশীজনদের সঙ্গে আলাপ-আলোচনা ও পরামর্শ করেই ডাটা সুরক্ষা আইন করা হবে। এ নিয়ে বিভ্রান্তির কোনো সুযোগ নেই।

আইনমন্ত্রী আরো বলেন, এখন আমরা গ্লোবাল সিটিজেন হয়েছি। আবার বর্তমানে অনেক অপরাধও ট্রান্স বর্ডার হয়েছে। এসব অপরাধকে মোকাবিলা করার জন্য মিউচ্যুয়াল লিগ্যাল অ্যাসিসটেন্স অ্যাক্ট প্রণয়ন করা হয়েছে। পৃথিবীর প্রায় সব দেশ এ আইন প্রণয়ন করেছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

### স্বল্প সময়ে বিচারকাজ সম্পন্ন করা বিচারক ও আইনজীবীর দায়িত্ব: প্রধান বিচারপতি সিদ্দিকী

বাংলাদেশের প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেছেন যে, বিচারকদের সহযোগিতা করতে হবে আইনজীবীদের। এছাড়া স্বল্প সময়ে বিচারকাজ সম্পন্ন করা বিচারক ও আইনজীবীদের দায়িত্ব। শনিবার (২৮ জানুয়ারি) দুপুরে চাঁপাইনবাবগঞ্জ আদালত চত্বরে জেলা আইনজীবী সমিতির শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেন, আদালতের দ্বারে ঘুরতে থাকা সন্তানহারা, বাবা ও অসহায় নিরীহ নির্যাতিতদেরকে উভয়পক্ষই সহযোগিতা করবেন। একটি মামলার জন্য বছরের পর বছর আদালতের দ্বারে ঘুরতে থাকা ব্যক্তিদের স্বস্তি দেবেন। আদালতে ঘুরতে ঘুরতে তাদের অবস্থা কী হয়, সে কথা অনুভব করবেন। তাদের জায়গায় নিজেকে ভেবে, উভয়পক্ষ বিচারকাজ পরিচালনা করবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন আপিল বিভাগের বিচারপতি এম এনায়েতুর রহিম ও আইন কমিশনের সদস্য বিচারপতি এটিএম ফজলে কবীর। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

## রেডিও তেহরান

### বিএনপির পদযাত্রা আগামী মরণযাত্রা আর নির্বাচনেই হবে তাদের রাজনৈতিক মরণ: কাদের

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির পদযাত্রা কর্মসূচিকে মরণযাত্রা বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, আগামী নির্বাচনে বিএনপির রাজনৈতিক মরণ হবে। সকালে

রাজধানীর উত্তরায় শীতবস্ত্র বিতরণ কর্মসূচিতে যোগ দিয়ে একথা বলেন তিনি। এ সম্পর্কে আরো জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধিঃ

বিএনপির পদযাত্রা কর্মসূচিকে মরণযাত্রা বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, আগামী নির্বাচনে বিএনপির রাজনৈতিক মরণ হবে। সকালে রাজধানীর উত্তরায় শীতবস্ত্র বিতরণ কর্মসূচিতে যোগ দিয়ে একথা বলেন তিনি। এসময় কাদের বলেন, নির্বাচন পর্যন্ত জনগণের শক্তি নিয়েই মাঠে থাকবে আওয়ামী লীগ।

এসময় বক্তৃতায় তিনি আরো বলেন, আওয়ামী লীগকে সরিয়ে দেয়ার দিবাস্বপ্ন দেখে লাভ নেই। জনগণের শক্তি নিয়ে রাজপথে থাকবে আওয়ামী লীগ। এসময় বিএনপির পদযাত্রা কর্মসূচি প্রসঙ্গে তিনি বলেন, তাদের মরণযাত্রা ইতোমধ্যেই শুরু হয়ে গেছে। আগামী নির্বাচনেই হবে বিএনপির রাজনৈতিক মরণ। বিএনপি আন্দোলনের নামে একতরফা মিথ্যাচার করছে বলেও মন্তব্য করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা, আওয়ামী লীগের ৭০ বছরের ইতিহাস, মানুষের পাশে থাকার ইতিহাস, (স্বকণ্ঠে): "গণজোয়ারে ভাটার টান, তাই এটা পদযাত্রা নয়, পেছন যাত্রা। কোথায় গেল লালকার্ড, কোথায় গেল গণজোয়ার।

(রেডিও তেহরান, নিলয় রহমান : ২১৩৫ ঘ. ২৮.০১.২০২৩ সোনিয়া ও নারগীস)

## পদযাত্রার মাধ্যমেই দানবীয় সরকারের পতন হবে: মির্জা ফখরুল

পদযাত্রার মধ্যদিয়ে বিএনপির নতুন ধাপের আন্দোলন শুরু হয়েছে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ শনিবার দুপুরে রাজধানীর বাড্ডায় সুবাস্তু মার্কেটের সামনে থেকে পদযাত্রা কর্মসূচির আগে দেয়া বক্তৃতায় এ কথা বলেন তিনি। ফখরুল বলেন, ঢাকার এই নীরব পদযাত্রার মধ্যদিয়ে জনগণকে সঙ্গে নিয়ে এই দানবীয় সরকারকে চলে যেতে বাধ্য করা হবে। গণতন্ত্র পুনরুদ্ধার ও ১০ দফা দাবিতে রাজধানীর বিভিন্ন অংশে চারদিনের পদযাত্রার আজ প্রথমদিনের কর্মসূচি পালন করে বিএনপি। আজকের পদযাত্রা বাড্ডা থেকে শুরু হয়ে মালিবাগের আবুল হোটেল পর্যন্ত গিয়ে শেষ হয়। পদযাত্রার শুরুতে দেয়া বক্তব্যে মির্জা ফখরুল বলেন, অবিলম্বে এই সরকারকে পদত্যাগ করতে হবে। অন্যথায় ভারাক্রান্তভাবে চলে যেতে হবে। পালাবার কোনো পথ পাবেন না তারা।

(রেডিও তেহরান, নিলয় রহমান : ২১৩৫ ঘ. ২৮.০১.২০২৩ সোনিয়া ও নারগীস)

## মিয়ানমার সীমান্তে জঙ্গি সংগঠনের তৎপরতা; প্রতিবেশী রাষ্ট্রের অভ্যন্তরীণ সমস্যার প্রভাব

মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বাধীনতাকামী সংগঠন আরসার সঙ্গে বাংলাদেশের নব্য জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সংশ্লিষ্টতার তথ্য পেয়েছে বলে দাবি করেছে বাংলাদেশের এলিট ফোর্স (র‍্যাব)। এ সম্পর্কে এবারে শুনুন ঢাকা থেকে পাঠানো আমাদের প্রতিনিধির প্রতিবেদন:

বাংলাদেশ মিয়ানমার সীমান্তের সংকট আবারো মাথাচাড়া দিয়ে উঠতে শুরু করেছে। বিশেষ করে পাহাড়ের পর নব্য জঙ্গি সংগঠনের সামরিক শাখার প্রধান ও বোমা বিশেষজ্ঞের রোহিঙ্গা ক্যাম্পে আশ্রয় নেয়ায় উদ্বেগ বেড়েছে স্থানীয়দের মাঝে। আত্মগোপন, নাকি সদস্য সংগ্রহ এবং প্রশিক্ষণের জন্য ক্যাম্পে জঙ্গিদের অবস্থান, তা নিয়ে রহস্য ঘনীভূত হচ্ছে।

মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বাধীনতাকামী সংগঠন আরসার সঙ্গে বাংলাদেশের নব্য জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সংশ্লিষ্টতার তথ্য পেয়েছে বলে দাবি করেছে বাংলাদেশের এলিট ফোর্স (র‍্যাব)। মিয়ানমারের এই বিদ্রোহী গোষ্ঠীর কাছে ন্যাইক্ষংছড়ির পাহাড়ে সশস্ত্র ট্রেনিং নিয়েছে শারক্বীয়ার জঙ্গিরা। এরপর আত্মগোপনের জন্য তারা রোহিঙ্গা ক্যাম্প বেছে নেয়। পাশাপাশি রোহিঙ্গাদের দলের সদস্য বানানোরও চেষ্টায় আছে এই নতুন জঙ্গি সংগঠন এমন দাবিও তুলে ধরেছে র‍্যাবের কর্মকর্তারা। এমন পরিস্থিতিতে পাহাড়ে র‍্যাবসহ অন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে। নতুন করে আরসার নাম যুক্ত হওয়ায় এখন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কপালে চিন্তার ভাঁজ পড়েছে।

জানা যায়, ২০২১ সাল থেকে এই জঙ্গি সংগঠনকে সহায়তা প্রদান এবং সামরিক প্রশিক্ষণে সম্পৃক্ত থাকার অপরাধে কেএনএফের ১৪ জন নেতা ও সদস্যকে গ্রেফতার করা হয়। এরপর গ্রেফতারকৃত আসামিদের জিজ্ঞাসাবাদে র‍্যাবের গোয়েন্দা শাখা জানতে পারে, শারক্বীয়ার আমীর আনিসুর রহমান ওরফে মাহমুদের নেতৃত্বে উগ্রবাদী সংগঠনটি পরিচালিত হচ্ছে।

পরিস্থিতি বিশ্লেষণ করেছেন মেজর জেনারেল (অব.) সৈয়দ মুহাম্মদ ইবরাহিম। তিনি রেডিও তেহরানকে বলেছেন, সীমান্ত এলাকা যখন গহীন অরণ্যে বেষ্টিত হয়, তখন সেখানে দুস্কৃতিকারীরা সুযোগ নেয়ার চেষ্টা করবেই। তবে মিয়ানমার সীমান্ত ইস্যুটা একটু ভিন্ন। এখানে বাস্তুচ্যুত কয়েক লাখ মানুষ তাদের অধিকার দাবি আদায়ে যখন সোচ্চার, তখন তাদের সঙ্গে তাদের নিজ রাষ্ট্রের অভ্যন্তরীণ সরকারের দ্বন্দ্ব বিবাদমান। এমন পরিস্থিতিতে তাদের উপর যখন কোনো অনৈতিক চাপ আসে, তার বিরূপ প্রভাব পড়ে বাংলাদেশ সীমান্তে। বিশেষ করে রোহিঙ্গা ক্যাম্পে তাদের অনেক স্বজন রয়েছেন। এমন পরিস্থিতিতে শঙ্কার কিছু নেই, নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতের পরামর্শ সাবেক এই জেনারেলের।

অন্যদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ড. জিয়া রহমান রেডিও তেহরানকে বলেছেন, ভূরাজনৈতিক প্রেক্ষাপটে এই সংকটকে বিবেচনায় রেখেই প্রস্তুতি নিতে হবে আইন-শৃঙ্খলা বাহিনীকে,

(স্বকণ্ঠে): "পাহাড়ে যে জিনিসটি ঘটেছে, এটা কিন্তু নতুন না। আমাদের কাছে যে তথ্য আছে, গবেষণা থেকে আমরা জানি এই পাহাড় দুর্গম এলাকায় অনেক আগের থেকেই কিন্তু এখানে এই জঙ্গি সংগঠনগুলো এই ধরনের কাজ করতো।" (রেডিও তেহরান, নিলয় রহমান : ২১৩৫ ঘ. ২৮.০১.২০২৩ সোনিয়া ও নারগীস)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্রে কোভিড-১৯'এর প্রায় ৬০ শতাংশ নতুন সংক্রমণের জন্য ওমিক্রনের এক্সবিবি.১.৫ দায়ী

মার্কিন রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র বা সিডিসি'র সর্বশেষ অনুমিত হিসেব অনুযায়ী, দেশটিতে কোভিড-১৯'এ নতুন সংক্রমণের ঘটনার প্রায় ৬০ শতাংশের জন্য ওমিক্রনের এক্সবিবি.১.৫ উপধরন দায়ী। সিডিসি বলছে যে, অনুমিত হিসেব অনুসারে দ্রুত ছড়িয়ে পড়া ধরনটি শনিবার পর্যন্ত সপ্তাহে দেশের মোট করোনাভাইরাস সংক্রমণের ৬১.৩ শতাংশের জন্য দায়ী। এটি এর আগের সপ্তাহের সংখ্যা থেকে ১০ শতাংশের বেশি বৃদ্ধি।

গত বুধবার পর্যন্ত যুক্তরাষ্ট্রে নিশ্চিত করা নতুন করোনাভাইরাস সংক্রমণের দৈনিক গড় সংখ্যা ছিল প্রায় ৪২ হাজার, যা টানা তৃতীয় সপ্তাহের হ্রাস। মঙ্গলবার পর্যন্ত কোভিড-১৯'এ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তির গড় দৈনিক সংখ্যা ছিল প্রায় ৪,২০০, যা এর আগের সপ্তাহের তুলনায় প্রায় ১০ শতাংশ কম।

অন্যদিকে, বুধবার পর্যন্ত মৃত্যুর গড় দৈনিক সংখ্যা ছিল প্রায় ৫৪০, যা এক্ষেত্রে পরপর দুই সপ্তাহের হ্রাসকে তুলে ধরছে। উদ্ভূত পরিস্থিতিতে সিডিসি জনসাধারণকে হালানাগাদকৃত বাইভ্যালেন্ট বা দুটি ধরনের ক্ষেত্রে কার্যকর বুস্টার টিকা গ্রহণের আহ্বান জানাচ্ছে কারণ এগুলো এক্সবিবি.১.৫ উপধরনের বিরুদ্ধেও সুরক্ষা প্রদানে সক্ষম।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ সোনিয়া ও নারগীস)

## ডয়চে ভেলে

### অনিয়মিতদের ফেরাতে বাংলাদেশসহ বিভিন্ন দেশের উপর ইইউ'র চাপ

অনিয়মিত অভিবাসীদের ফেরত না নেয়া দেশগুলোর উপর ভিসা কঠোরতা আরোপ করবে ইউরোপীয় ইউনিয়ন। সেই সঙ্গে ফেরত নেয়ার প্রক্রিয়া উন্নততর করতে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সঙ্গে নতুন চুক্তির পরিকল্পনাও করেছে তারা।

ইউরোপীয় ইউনিয়নের সদস্যভুক্ত দেশগুলোতে যেসব আশ্রয়প্রার্থীর আবেদন বাতিল হয়ে গেছে তাদেরকে নিজ দেশে প্রত্যাবর্তনের সংখ্যা বাড়াতে চায় ইইউ। এই জন্য বিদ্যমান যে প্রক্রিয়া আছে, তার পূর্ণ ব্যবহার করা হবে বলে জানিয়েছেন সুইডেনের অভিবাসন বিষয়ক মন্ত্রী মারিয়া মলমের স্ট্যানেরগার্ড। বৃহস্পতিবার সাংবাদিকদের তিনি বলেন, রাজনৈতিক ও কূটনৈতিক প্রচেষ্টা এক্ষেত্রে কাঙ্ক্ষিত ফল দিচ্ছে না। এই বিষয়ে কাউন্সিলের কাছে ভিসা কড়াকড়ি আরোপের প্রস্তাব জমা দিতে ইউরোপীয় কমিশনকে আহ্বান জানিয়েছে সদস্য রাষ্ট্রগুলো। এই বিষয়ে বৃহস্পতিবার স্টকহোমে বৈঠকে সদস্যরা একমত হয়েছেন বলেও জানান তিনি।

বর্তমানে সভাপতি হিসাবে ইইউ বৈঠকের নেতৃত্ব দিচ্ছে সুইডেন। দেশটির কট্টর-ডানপন্থি সরকার অনিয়মিত অভিবাসীদের নিজ দেশে ফেরত পাঠাতে ভিসা, পররাষ্ট্রনীতি ও উন্নয়ন সহযোগিতাকে শর্ত হিসেবে ব্যবহারের বিষয়ে ইইউকে আগে থেকেই চাপ দিয়ে আসছে।

অনিয়মিত অভিবাসীদের ফেরত পাঠানোর বিষয়ে ইইউ'র কঠোর অবস্থানের বহিঃপ্রকাশ ঘটেছে জোট কমিশনের প্রধান উরসুলা ফন ডেয়ার লাইয়েনের বক্তব্যেও। ফেব্রুয়ারিতে স্টকহোমে জোটের সম্মেলন শুরুর আগে ইইউ দেশগুলোর নেতাদের কাছে পাঠানো চিঠিতে তিনি বিষয়টি আলোচ্যসূচিতে রাখার কথা উল্লেখ করেন।

লাইয়েন জানান, বছরের প্রধমার্ধে ইইউ সদস্য রাষ্ট্রগুলো একটি পাইলট প্রকল্পে স্বাক্ষর করতে পারে। এই প্রকল্পের উদ্দেশ্য হলো আশ্রয় আবেদন ও যোগ্য প্রার্থীদের আশ্রয় প্রক্রিয়া ত্বরান্বিত করা এবং যারা যোগ্যতা অর্জন করবেন না তাদের অবিলম্বে ফেরত পাঠানো।

অভিবাসীরা যেসব দেশ থেকে আসেন সেগুলোর মধ্য থেকে নিরাপদ দেশের একটি তালিকা তৈরির প্রস্তাব তার। অর্থাৎ, যেসব দেশ নিরাপদ বিবেচিত হবে সেসব দেশের আশ্রয়প্রার্থীদের আবেদন গৃহীত হওয়ার সম্ভাবনা তখন কমে যাবে। সেই সঙ্গে ভূমধ্যসাগর ও বলকান অভিবাসন রুটে সীমান্ত নিরাপত্তা জোরদার করার কথাও বলেন তিনি।

কিছু দেশের সঙ্গে নতুন করে প্রত্যাবর্তন সংক্রান্ত চুক্তির পরিকল্পনা কথাও জানিয়েছেন ইইউ কমিশন প্রধান। বার্তা সংস্থা এএফপি লাইয়েনের বরাত দিয়ে জানিয়েছে, ফেরত পাঠানোর প্রক্রিয়া উন্নততর করতে ও বহিঃর্গমন প্রতিরোধ করতে বাংলাদেশ, পাকিস্তান, মিশর, মরক্কো, তিউনিশিয়া এবং নাইজেরিয়ার সঙ্গে অভিবাসন চুক্তি করার পরিকল্পনা করেছে ইইউ।

ইইউ স্বরাষ্ট্র কমিশনার ইলভা ইয়োহানসন বলেন, গত বছর প্রায় ১০ লাখ আশ্রয় আবেদনের প্রেক্ষিতে ইউরোপীয় ইউনিয়ন ব্যাপক চাপে রয়েছে। এর বাইরে ইউক্রেন থেকে ৪০ লাখ শরণার্থীর আগমনে দেশগুলোর আশ্রয়ের সক্ষমতা আরো হ্রাস পেয়েছে।

নিয়ম অনুযায়ী, ইউরোপীয় ইউনিয়নে প্রবেশের পর অনিয়মিত অভিবাসীরা জোটভুক্ত দেশগুলোতে আশ্রয় আবেদনের সুযোগ পান। প্রথমবার আবেদন বাতিল হলে তার বিরুদ্ধে আপিলের সুযোগও রয়েছে। এরপরও তা বাতিল হলে ফেরত যাওয়ার বাধ্যবাধকতা তৈরি হয়। এক্ষেত্রে স্বেচ্ছায় ফেরত যাওয়াদের জন্য ইউরোপীয় ইউনিয়নের নানা সহায়তা প্রকল্প

রয়েছে। এই সুযোগ নিয়ে কেউ ফেরত না গেলে তাকে জোরপূর্বক ফেরত পাঠাতে পারে দেশগুলো। তবে ইউরোপীয় কমিশনের পরিসংখ্যান অনুযায়ী, ফেরত যাওয়ার নির্দেশের তুলনায় কার্যকর প্রত্যাবর্তনের হার অনেক কম। ২০২১ সালে ৩ লাখ ৪০ হাজার ৫০০জনকে ফেরত যাওয়ার নির্দেশের বিপরীতে সিদ্ধান্ত কার্যকর হয়েছে মাত্র ২১শতাংশ।

গত কয়েক বছরে ইউরোপীয় ইউনিয়নে অনিয়মিত উপায়ে বাংলাদেশিদের অভিবাসন বেড়েছে। বর্তমানে সেন্ট্রাল ভূমধ্যসাগর হয়ে পাড়ি জমানোদের মধ্যে তৃতীয় অবস্থানে আছেন দক্ষিণ এশিয়ার দেশটির নাগরিকেরা। এছাড়া বলকান রুট হয়েও ইইউ সদস্য দেশগুলোতে পৌঁছানোর চেষ্টা করেন অনেকে। তাদের মধ্যে আশ্রয় আবেদন বাতিল হওয়া কয়েকশজনকে গত কয়েক বছরে দেশে ফেরত পাঠিয়েছে জার্মানি, গ্রিসসহ বিভিন্ন দেশ।

অভিবাসীদের ফেরত নিতে ঢাকার উপরে ব্রাসেলসের চাপ রয়েছে। বৈধ কাগজবিহীন অভিবাসীদের ফেরাতে যথাযথ ব্যবস্থা না নেয়ায় ২০২১ সালের ১৫ জুলাই বাংলাদেশিদের ভিসা প্রক্রিয়ায় সাময়িক কড়াকড়ি আরোপের প্রস্তাব করে ইউরোপীয় কমিশন। এই প্রস্তাবে বাংলাদেশ ছাড়াও ইরাক এবং গাম্বিয়াকেও সেসময় যুক্ত করা হয়।

বার্তা সংস্থা এএফপি অবশ্য জানিয়েছে, এখন পর্যন্ত ইইউ শুধু গাম্বিয়ার উপরই ভিসা কড়াকড়ি আরোপ করেছে। এতে দেশটির নাগরিকদের জন্য শেঙেন ভিসা পাওয়া কঠিন ও ব্যয়বহুল হয়েছে। বাংলাদেশ ও ইরাকের বিরুদ্ধেও একই ব্যবস্থা নেয়ার প্রস্তাব করা হলেও তা কার্যকর হয়নি। গত নভেম্বরে বাংলাদেশ সফরকালে ইলভা ইয়োহানসন বলেছেন ভিসা নিষেধাজ্ঞার হুমকির পর ঢাকা অনিয়মিত অভিবাসীদের গ্রহণে রাজনৈতিকভাবে আরো উদার হয়েছে।

উল্লেখ্য, ২০১৭ সালের আগস্ট মাসে বৈধ কাগজবিহীন অভিবাসীদের ফেরত নেয়ার ব্যাপারে বাংলাদেশের সঙ্গে ইইউ'র স্ট্যান্ডার্ড অফ প্রসিডিউর (এসওপি) চুক্তি হয়। তা বাস্তবায়নে বিভিন্ন সময়ে বাংলাদেশকে বিভিন্ন সময়ে চাপ দিয়ে এসেছে ইইউ। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৮.০১.২০২৩ সোনিয়া ও নারগীস)

## রেডিও এবিসি

### বিএনপির পদযাত্রাকে মরণযাত্রা বলে মন্তব্য ওবায়দুল কাদেরের

বিএনপির পদযাত্রাকে মরণযাত্রা বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ শনিবার দুপুরে রাজধানীর উত্তরায় আয়োজিত শীতবস্ত্র বিতরণ ও শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। (রেডিও এবিসি : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

### দীর্ঘ পাঁচ বছর পর আগামীকাল রাজশাহী যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

দীর্ঘ পাঁচ বছর পর আগামীকাল রোববার রাজশাহীতে যাবেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এ সময় তিনি ১ হাজার ৩১৬ কোটি ৯ লাখ ৬৭ হাজার টাকার প্রকল্প কাজের উদ্বোধন করবেন। সেই সঙ্গে বিকেলে হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চবিদ্যালয় মাঠে জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা দিবেন তিনি।

(রেডিও এবিসি : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

### নোয়াখালীতে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিকে গ্রেফতার করেছে পুলিশ

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় গৃহবধূ হত্যামামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক স্বামী মোহাম্মদ মহিন উদ্দীনকে বিমানবন্দর থেকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার বেলা ১১টার দিকে নোয়াখালীর পুলিশ সুপার মোঃ শহিদুল ইসলাম এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন। এর আগে শুক্রবার রাত ৮টার দিকে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।

(রেডিও এবিসি : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

### আবদুস সাত্তার ভুঁইয়াকে অবাঞ্ছিত ঘোষণা বিএনপির; আসনের উপ-নির্বাচন বর্জন

বিএনপির দলছুট নেতা ও সাবেক সংসদ সদস্য উকিল আবদুস সাত্তার ভুঁইয়াকে ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে অবাঞ্চিত ও প্রতিহত করার পাশাপাশি এই আসনের উপ-নির্বাচন বর্জনের ঘোষণা দিয়েছে বিএনপি। চলতি মাসের শুরুতে সংবাদ সম্মেলনে করে এই ঘোষণা দিলেও মাঠে নেই সরাইল উপজেলা বিএনপি এবং অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা। নির্বাচন বর্জনের কোনো প্রচারণাও তারা করছেন না। (রেডিও এবিসি : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

### ভারতীয় বিমান বাহিনীর দুটি যুদ্ধ বিমান বিধস্ত; পাইলট নিহত

প্রশিক্ষণ চলাকালে ভারতীয় বিমান বাহিনীর দুটি যুদ্ধ বিমান বিধ্বস্ত হয়েছে। এতে একজন পাইলট নিহত হয়েছেন। আজ শনিবার সকালে এই দুর্ঘটনা ঘটে। (রেডিও এবিসি : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

### ১৭ দিন পরে করোনাভাইরাসে আক্রান্ত একজনের মৃত্যু

দেশে ১৭ দিন পরে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। আজ শনিবার স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এতে বলা হয়, আজ শনিবার সকাল ৮টা পর্যন্ত সর্বশেষ ২৪ ঘণ্টায় ১০জনের করোনা শনাক্ত হয়েছে। সর্বশেষ করোনায় মারা যাওয়া ব্যক্তি সিলেটের বাসিন্দা।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

**সরকারকে পদত্যাগ করার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল**

সময় নষ্ট না করে সরকারকে পদত্যাগ করার আহ্বান জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ক্ষমতা না ছাড়লে অত্যন্ত ভারাক্রান্ত হয়ে চলে যেতে হবে মন্তব্য করে তিনি হুঁশিয়ারি দিয়েছেন। সেই পরিস্থিতিতে ক্ষমতাসীনেরা পালানোর পথ পাবে না। আজ শনিবার রাজধানীতে দলের পদযাত্রা শুরুর আগে সংক্ষিপ্ত সমাবেশে অংশ নিয়ে এ কথা বলেছেন বিএনপির মহাসচিব।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

**ওসামা বিন লাদেন ও মোল্লা ওমরের সাথে একাধিকবার সাক্ষাৎ গ্রেফতারকৃত ফখরুল ইসলামের**

গ্রেফতারকৃত ফখরুল ইসলাম আল-কায়েদা নেতা ওসামা বিন লাদেন ও মোল্লা ওমরের সঙ্গে একাধিকবার সাক্ষাৎ করেছেন বলে আজ শনিবার সংবাদ সম্মেলনে ডিএমপির অতিরিক্ত কমিশনার আসাদুজ্জামান জানান।

(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২৮.০১.২০২৩ এলিনা ও নারগীস)

## রেডিও টুডে

**বিএনপির কর্মসূচিতে কোন ধরনের উস্কানি না দিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী: ওবায়দুল কাদের**

বিএনপি'র কর্মসূচিতে যাতে কোন ধরনের উস্কানি না দেয়া হয় সে বিষয়ে নির্দেশ দিয়েছেন আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এমনটি জানিয়েছেন দলটির সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শুক্রবার বিকেলে বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের এক যৌথ সভায় একথা বলেন তিনি। মির্জা ফখরুলের উদ্দেশ্য ওবায়দুল কাদের বলেন, তারাই এখন গুজব চালাচ্ছে তাদের আন্দোলন চলে রিমোট কন্ট্রোলে।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

**দম ফুরিয়ে যাওয়ায় বিএনপি এখন নীরব কর্মসূচি দিচ্ছে: তথ্য ও সম্প্রচার মন্ত্রী**

পুরোনো গাড়ির মতো দম ফুরিয়ে যাওয়ায় বিএনপি এখন নীরব পদযাত্রা কর্মসূচি দিয়েছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। গতকাল বিকেলে প্রধানমন্ত্রীর জনসংখ্যা উপলক্ষে রাজশাহীর মাদ্রাসা মাঠ পরিদর্শন এসে তিনি এ কথা বলেন। এ সময় তথ্যমন্ত্রী আরও বলেন, গাড়ি পুরোনো হয়ে গেলে যেমন মাঝে মাঝে স্টার্ট দিতে হয় বিএনপিও ক'দিন পরপর কর্মসূচি দিচ্ছে ঐ পুরনো গাড়ি স্টার্ট দেয়ার মত।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

**আন্দোলন দমন করার জন্য সরকার বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করবে: মির্জা ফখরুল**

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকারের বিরুদ্ধে যে ঐক্যবদ্ধ আন্দোলন শুরু হয়েছে তা দমন করার জন্য বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করবে সরকার এবং সরকারের এজেন্টরা। সেজন্য তারা বিভিন্ন রকমের গল্প তৈরি করবে এজন্য আমরা এ নিয়ে বেশি মাথা ঘামাচ্ছি না। বিএনপি'র মাথা ঘামানোর বিষয় হচ্ছে একটাই সেটা হচ্ছে জনগণকে আরো বেশি ঐক্যবদ্ধ করে, আরো সম্পৃক্ত করে ক্ষমতাসীন সরকারকে সরানো। এর বাইরে আমাদের কোন চিন্তা নেই। শুক্রবার সন্ধ্যায় গণতন্ত্র মঞ্চের লিয়াজ কমিটির বৈঠক শেষে তিনি এসব কথা বলেন।

(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

**মানুষ বানর থেকে এসেছে, এটি নিয়ে গুজব ছড়ানো হচ্ছে: শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডাক্তার দীপু মনি বলেছেন, মানুষ বানর থেকে এসেছে এ কথা পাঠ্য বইয়ে লেখা নেই। মানুষ বানর থেকে এসেছে এটি গুজব। মানুষ বানর থেকে আসেনি তাই গুজবে কান না দেওয়ার অনুরোধ করেন শিক্ষামন্ত্রী। তিনি জানান এটি নিয়ে অপপ্রচার করা হচ্ছে। শুক্রবার বিকেলে চাঁদপুরের ডাকাতিয়া নদীর পাড়ে উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

**শীতজনিত রোগে গত দুই মাসে সারাদেশে ৯৫ জনের মৃত্যু হয়েছে: স্বাস্থ্য অধিদফতর**

সারাদেশে গত দুই মাসে শীতজনিত রোগে ৯৫ জনের মৃত্যু হয়েছে। শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানা গেছে। এতে বলা হয় গত বছরের ১৪ই নভেম্বর থেকে চলতি বছরের ২৪শে জানুয়ারি পর্যন্ত শ্বাসতন্ত্রের সংক্রমণে আক্রান্ত রোগীর সংখ্যা মোট ৬৬ হাজার ৮২১ জন। এর মধ্যে মারা গেছেন ৯২ জন। এছাড়া একই সময় ডায়রিয়ায় আক্রান্ত হয়েছেন ৩ লাখ ৬৫ হাজার ৯৪৫ জন। এর মধ্যে তিনজনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

**আগামীকাল রবিবার রাজশাহী যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল রোববার রাজশাহীতে দিনব্যাপী সফরে প্রায় ১,৩১৬ কোটি ৯৭ লক্ষ টাকার ২৫টি প্রকল্পের উদ্বোধন করবেন। এছাড়াও প্রধানমন্ত্রী আনুমানিক ৩৭৬ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে আরও ছয়টি প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। সম্প্রতি সমাপ্ত উন্নয়ন প্রকল্পগুলোর মধ্যে রয়েছে মোহনপুর রেল ক্রসিংয়ে ফ্লাইওভার, রাজশাহী পুলিশ সদর দপ্তর ভবন, রাজশাহী সিভিল সার্জন অফিস ভবন, শেখ রাসেল শিশু পার্ক, রাজশাহী সরকারী বালিকা মহাবিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ছয়তলা ফাউন্ডেশনসহ দোতলা হোস্টেল, রাজশাহী চারঘাট টেকনিক্যাল স্কুল এন্ড

কলেজের পাঁচ তলা একাডেমিক ভবন, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে বহুমুখী ভবন, রাজশাহীর চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদী, রক্ষা বাঁধ, চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদী ড্রেজিং এর মাধ্যমে ভূমি পুনরুদ্ধার ও নৌ চলাচল বৃদ্ধি। প্রকল্পগুলো উদ্বোধন শেষে বিকেলে রাজশাহীর মাদ্রাসা মাঠে জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## বিএনপি'র পদযাত্রা কর্মসূচি নয়, মরণযাত্রা শুরু হয়েছে: ওবায়দুল কাদের

বিএনপি ঘোষিত পদযাত্রা কর্মসূচিকে বিএনপি'র মরণযাত্রা বলে উল্লেখ করেছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, এটা বিএনপির পদযাত্রা নয় বরং মরণযাত্রা। শনিবার দুপুরে ঢাকার উত্তরার আজমপুর এলাকায় আমিন মার্কেটের সামনে আয়োজিত বিএনপি'র সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে সমাবেশ ও দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে এই মন্তব্য করেন তিনি। ওবায়দুল কাদের বলেন, বিএনপি'র মরণযাত্রা শুরু হয়েছে। এভাবেই তারা পরাজিত হবে। নির্বাচন পর্যন্ত আওয়ামী লীগ মাঠ রাজপথ ছাড়বে না।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## স্মার্ট বাংলাদেশে ধনী ও গরিবের মাঝে কোন বৈষম্য থাকবে না: বাহাউদ্দিন নাসিম

স্মার্ট বাংলাদেশে ধনী ও গরিবের মাঝে কোন বৈষম্য থাকবে না বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম। শনিবার অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির প্যারামাটা সাউথ ক্যাম্পাসে অবস্থিত বঙ্গবন্ধুর আবক্ষ ভাস্কর্যে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ কথা বলেন। নাসিম বলেন, শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ হবে সমৃদ্ধশালী, আত্মনির্ভরশীল ও বৈষম্যহীন একটি জাতি। স্মার্ট বাংলাদেশে ধনী গরীবের মাঝে বৈষম্য থাকবে না। সেই লক্ষ্য নিয়েই সরকার কাজ করে যাচ্ছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## বিনামূল্যে পাঠ্য বইয়ের ভুল সংশোধনী শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশ: এনসিটিবি

বিনামূল্যে পাঠ্যবইয়ের ভুল সংশোধনী শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশ দিয়েছেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এনসিটিবি। সম্প্রতি এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক মোঃ ফরহাদুল ইসলাম স্বাক্ষরিত এক অফিস আদেশ এই তথ্য জানা যায়। এতে বলা হয়েছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের কয়েকটি পাঠ্যপুস্তকের তথ্যে ভুল পরিলক্ষিত হয়। ওই ভুল সংশোধনী এনসিটিবির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে তা দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকদের কাছে পৌঁছানোর ব্যবস্থা নেওয়ার জন্য জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের জানানো ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## মাদকবিরোধী অভিযানে ঢাকার বিভিন্ন এলাকা থেকে ৫৯ জনকে গ্রেফতার করেছে ডিএমপি

মাদকবিরোধী অভিযানের রাজধানীর বিভিন্ন এলাকা থেকে বিক্রি ও সেবনের অপরাধে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ডিএমপি ৫৯ জনকে গ্রেফতার করেছে। রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে গতকাল শুক্রবার ছটা থেকে আজ শনিবার সকাল ছয়টা পর্যন্ত তাদেরকে গ্রেপ্তার করা হয়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## ১লা ফেব্রুয়ারি বিএনপির ছেড়ে দেয়া ৬ আসনে উপ-নির্বাচন

বিএনপি'র ছেড়ে দেওয়া ছয় আসনের উপনির্বাচনে ১১ জন বিচারিক ম্যাজিস্ট্রেটকে নিয়োগ দিয়েছে নির্বাচন কমিশন ইসি। তারা ভোটের আগে ও পরে চার দিনের জন্য বিচারিক কার্যক্রম পরিচালনা করবেন। ইসির আইন শাখার সিনিয়র সহকারী সচিব মোছাঃ শাহিনুর আক্তার এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, বিচারিক ম্যাজিস্ট্রেটদের সহায়তা করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের নির্দেশনা দেয়া হয়েছে। আগামী পহেলা ফেব্রুয়ারি জাতীয় সংসদের ঠাকুরগাঁও-৩, বগুড়ার-৪, বগুড়া-৬, চাঁপাইনবাবগঞ্জ-২, চাঁপাইনবাবগঞ্জ-৩ ও ব্রাহ্মণবাড়িয়া-২ শুন্য আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## টানা ৮ দিন ধরে দূষিত বাতাসের শহরের তালিকার শীর্ষে স্থানে রয়েছে ঢাকা

রাজধানী ঢাকা বিশ্বের দূষিত বায়ুর শহরগুলোর মধ্যে আজও শীর্ষে অবস্থান করছে। এই নিয়ে টানা আটদিন বায়ু দূষণের শীর্ষে রয়েছে ঢাকা। শনিবার সকাল সাড়ে ৯ টায় ঢাকার এয়ার কোয়ালিটি ইনডেক্স বা এ কিউ আই স্কোর ২২১ রেকর্ড করা হয়েছে। যার অর্থ হল জনবহুল এই শহরে বাতাসের মান খুবই অস্বাস্থ্যকর পর্যায়ে রয়েছে। সুইজারল্যান্ড ভিত্তিক বায়ুর মান পর্যবেক্ষণকারী প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউ এয়ার এই তালিকা প্রকাশ করেছে। এই তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে পাকিস্তানের লাহোর, দূষিত শহরের তালিকায় তৃতীয় স্থানে রয়েছে ভারতের বাণিজ্যিক শহর মুম্বাই।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## গত সপ্তাহে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের পুঁজি বেড়েছে ১০ হাজার কোটি টাকার বেশি

চারদিন উত্থান আর একদিন সূচক সামান্য পতনের মধ্য দিয়ে জানুয়ারি মাসের চতুর্থ সপ্তাহ পার করলো দেশের পুঁজিবাজার। আলোচিত এই সপ্তাহে সূচক বেড়েছে। সূচক বাড়ায় বিনিয়োগকারীদের বাজার মূলধন অর্থাৎ পুঁজি বেড়েছে ১০,১৮৫ কোটি ৬২ লাখ ২৩ হাজার ২৩১ কোটি টাকা। এর আগের সপ্তাহে বেড়ে ছিল ২১৪৯ কোটি ৩০ লাখ ৬ হাজার ৮১৯ টাকা। অর্থাৎ টানা দুই সপ্তাহে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের পুঁজি বাড়লো। অপরদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও একই ধারা দেখা গেছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৩ আছাদ ও আশরাফ)

## আগামীকাল রাজশাহীতে জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

আগামীকাল রাজশাহী সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিনব্যাপী সফরে পঁচিশটি প্রকল্প উদ্বোধন করবেন তিনি। এদিন বিকেলে রাজশাহীর মাদ্রাসা মাঠে জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী। আজ রাজশাহীতে এক সংবাদ সম্মেলনে সিটি মেয়র ও আওয়ামী লীগের সভাপতি মণ্ডলীর সদস্য এ এইচ এম খায়রুজ্জামান লিটন জানিয়েছেন ৫-৭ লাখ মানুষ প্রধানমন্ত্রীর জনসভায় অংশ নেবে। একই সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপি পাকিস্তানকে অনুসরণ করে। তাই তারা তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন চায়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## বিএনপি এ সরকারকে চলে যেতে বাধ্য করবে: মির্জা ফখরুল

পদযাত্রার মধ্য দিয়ে বিএনপির নতুন ধাপের আন্দোলন শুরু হয়েছে উল্লেখ করে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ঢাকার এ নীরব পদযাত্রার মধ্য দিয়ে জনগণকে সঙ্গে নিয়ে বিএনপি এ সরকারকে চলে যেতে বাধ্য করবে। দুপুরে রাজধানীর বাড্ডায় সুবাস্তু মার্কেটের সামনে থেকে পদযাত্রা কর্মসূচী শুরুর আগে দেয়া বক্তব্যে তিনি একথা বলেন। গণতন্ত্র পুনরুদ্ধার, সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবি আদায়ে রাজধানীতে ৪দিন পদযাত্রা করবে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি। কর্মসূচীর প্রথম দিন আজ বাড্ডা সুবাস্তু টাওয়ারের সামনে থেকে মালিবাগ আবুল হোটেল পর্যন্ত পদযাত্রা করে দলটি। এ কর্মসূচীতে অংশ নিয়ে বিএনপি মহাসচিব আরও বলেন, আওয়ামী লীগ সরকার থাকলে সুষ্ঠু নির্বাচন হবেনা। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## তত্ত্বাবধায়ক সরকার ইস্যুটি মৃত: শিক্ষামন্ত্রী

বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবিকে অযৌক্তিক উল্লেখ করে এই ইস্যু নিয়ে রাস্তায় মামা ঠিক কী না তা দলটিকে ভেবে দেখতে বলেছেন শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি। দুপুরে চাঁদপুর সদর উপজেলা পরিষদে অসহায় ও দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন দীপু মনি। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকার ইস্যুটি পুরোপুরি মৃত এবং তা বহুদিন ধরেই মৃত। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## দুর্নীতিগ্রস্ত বিচারক ক্যান্সারের মত: প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেছেন, তুচ্ছ কারণে আইনজীবীদের আদালত বর্জন ও বিচারককে ব্যক্তিগত আক্রমণের ঘটনায় বিচার ব্যবস্থার প্রতি আস্থাহীনতা বাড়ছে। শনিবার চাঁপাইনবাবগঞ্জ আইনজীবী সমিতির শতবর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এ সময় দুর্নীতিগ্রস্ত বিচারক ক্যান্সারের মত উল্লেখ করে প্রধান বিচারপতি বলেন কেউ বিচার বিক্রি করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিন্দুমাত্রা দ্বিধাবোধ করা হবে না।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## হরকাতুল জিহাদ হুজির ৬ সদস্য গ্রেফতার

নিষিদ্ধ জঙ্গি সংগঠন হরকাতুল জিহাদ হুজির ৬ সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমসিটিটিসি। শুক্রবার রাজধানীর বিভিন্নস্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ও হুজি সদস্য হলেন ফখরুল ইসলাম, সাইফুল ইসলাম, সুরুজ্জামান, হাফিস আব্দুল্লাহ আলে মামুন, দীন ইসলাম ও মোঃ আব্দুল্লাহ আল মামুন। আজ রাজধানীর মিন্টো রোডে ডিএমপির গণমাধ্যম ও গনসংযোগ বিভাগের কার্যালয়ে সংবাদ সম্মেলনে ডিএমপির অতিরিক্ত কমিশনার আসাদুজ্জামান বলেন, গ্রেফতার ফখরুল ইসলাম হুজির সক্রিয় সদস্য। তিনি মোল্লা ওমর ও ওসামা বিন লাদেনের সঙ্গে একাধিকবার সাক্ষাৎ করেছিলেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## আগামী ২৪ ঘণ্টায় সামান্য কমতে পারে দেশের উত্তরাঞ্চলের তাপমাত্রা

আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চলে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। শনিবার আবহাওয়া অফিসের আবহাওয়াবিদ মোঃ বজলুর রশিদ এ তথ্য জানান। আবহাওয়া অফিসের তথ্যমতে সারা দেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সে সঙ্গে দেশের উত্তরাঞ্চলে দিনের তাপমাত্রা সামান্য কমে যেতে পারে এবং দেশের অন্যত্র তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এছাড়া, আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

### ডিজিটাল নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তা রয়েছে: আইনমন্ত্রী

বর্তমান বাস্তবতায় ডিজিটাল নিরাপত্তা আইনের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে বলে জানিয়েছেন, আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন, যে কারণে এ আইন করা হয়েছে তা কেউ বলে না। শুধু বলা হয় বাকস্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা হরণ করার জন্যই এ আইন করা হয়েছে যা মোটেই সঠিক নয়। শনিবার ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ আয়োজিত এক সেমিনারে এসব কথা বলেন আইনমন্ত্রী।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৩ রিহাব ও আশরাফ)

## জাগো এফএম

### শিগগিরই সড়ক পরিবহন আইন সংশোধন করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

শিগগিরই সড়ক পরিবহন আইন-২০১৮ সংশোধন করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে বাংলাদেশ ট্রাক কাভার্ড ভ্যান ট্রান্সপোর্ট এজেন্সি মালিক সমিতির সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন সংগঠনের নামে চাঁদা তুলতে চাইলে ট্রাক-প্রতি কত টাকা এবং কোথা থেকে তোলা হবে তা আগেই পুলিশকে জানাতে হবে। সড়কে চাঁদাবাজি বন্ধ করতে হাইওয়ে পুলিশ কাজ করছে। (জাগো এফএম: ১৭০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদেরকে সমৃদ্ধি ও বিশ্বাস দিয়েছেন: পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেন বলেছেন, বঙ্গবন্ধু দেশ দিয়েছেন, আর তাঁর কন্যা দিয়েছেন সমৃদ্ধি ও বিশ্বাস। শনিবার বিকেলে শিল্পকলা একাডেমিতে একটি বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। বলেন বঙ্গবন্ধু ছাড়া এ ভূখণ্ডে আগে নেতা ছিলেন কিন্তু একমাত্র তিনিই স্বাধীন দেশ দিয়েছেন। সেই স্বাধীন ভিত্তির উপর দাঁড়িয়ে আজকের বাংলাদেশ। পররাষ্ট্রমন্ত্রী বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নে অবিচল লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (জাগো এফএম: ১৭০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### আগামী নির্বাচনে বিএনপি-র রাজনৈতিক পরাজয় হবে: ওবায়দুল কাদের

বিএনপি'র পদযাত্রা কর্মসূচিকে মরণযাত্রা হিসেবে মন্তব্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন আগামী নির্বাচনে বিএনপির রাজনৈতিক পরাজয় হবে। আজ রাজধানীর উত্তরায় শীতবস্ত্র বিতরণ ও সমাবেশে এ কথা বলেন তিনি।

(জাগো এফএম: ১৭০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### ভারতে এই মুহূর্তে নির্বাচন হলে আবারও বিজয়ী হবে বিজেপি: দুটি সংস্থার জরিপের ফলাফল

আট বছর দেশ শাসনের পর ও নরেন্দ্র মোদীর জনপ্রিয়তায় ভাটা পড়েনি। তার নেতৃত্বাধীন সরকারের প্রতিও অধিকাংশ মানুষের আস্থা অটুট আছে। ভারতে এখনই নির্বাচন হলে কোন দল জয়ী হবে এ বিষয়ে সম্প্রতি ইন্ডিয়া টুডে এবং সি ভোটার নামের দুটি সংস্থার জরিপ চালায়। বিভিন্ন বিষয়ে ভারত জুড়ে এক লাখ ৪০ হাজার ৯১৭ জন মানুষের মতামত নিয়ে নতুন এই জরিপ তৈরি করা হয়েছে। (জাগো এফএম: ১৭০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### পদযাত্রার মধ্য দিয়ে নতুন আন্দোলন শুরু হয়েছে: মির্জা ফখরুল

পদযাত্রার মধ্য দিয়ে বিএনপি নতুন আন্দোলন শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার দুপুর ২টায় রাজধানীর বাড্ডায় সুবাস্তু মার্কেটের সামনের সড়কে পদযাত্রা কর্মসূচির আগে দেওয়া বক্তব্যে এ কথা বলেন তিনি। গণতন্ত্র পুনরুদ্ধার ও ১০ দফার দাবিতে রাজধানীতে চারদিনের পদযাত্রার আজ প্রথম দিনের কর্মসূচিটি দুপুর আড়াইটায় শুরু হয়। (জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### ভারত বাংলাদেশকে গরু না দিলেই আমরা কৃতজ্ঞ থাকবো: স্বরাষ্ট্রমন্ত্রী

ভারত-বাংলাদেশকে গরু না দিলেই বরং আমরা কৃতজ্ঞ থাকব বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ রাজধানীর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত দুদিন ব্যাপী পোল্ট্রি প্রফেশনাল বাংলাদেশ পিপিবি আয়োজিত প্রথম বাংলাদেশ পোল্ট্রি কনভেনশন-২০২৩ এর প্রথম দিনে তিনি এই মন্তব্য করেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন পোল্ট্রি নয়, আমরা গবাদি পশুতেও এগিয়ে আছি।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

### ডেনমার্কের কোপেনহেগেনে পবিত্র কোরআন পোড়ানোর ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ

ডেনমার্কের কোপেনহেগেনে মসজিদের কাছে পবিত্র ধর্মগ্রন্থ কোরআন পোড়ানোর ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। শনিবার এক বিবৃতিতে পররাষ্ট্র মন্ত্রণালয় এ ঘটনায় তীব্র নিন্দা জানায়। বিবৃতিতে বলা হয়, সারাবিশ্বের মুসলমানদের পবিত্র মূল্যবোধ ও ধর্মীয় প্রতীককে অপমান করার মতো জঘন্য ঘটনায় বাংলাদেশ আবারও গভীর উদ্বেগ প্রকাশ করছে। (জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

**কারওয়ান বাজার থেকে আড়ত স্থানান্তরের প্রক্রিয়া শেষ পর্যায়ে: ডিএনসিসি মেয়র**

ঢাকার ফার্মগেট, তেজগাঁও, শাহবাগসহ কিছু গুরুত্বপূর্ণ এলাকার যানজট ও জনভোগান্তির অন্যতম কারণ কারওয়ান বাজার। এই বাজার কেন্দ্র করে বিপুল সংখ্যক মানুষ ও যানবাহনের আনাগোনা দেখা যায় প্রতিদিন। ভোগান্তি কমাতে দুই যুগের বেশি সময় ধরে কারওয়ান বাজার স্থানান্তরের চেষ্টা চালাচ্ছে সরকার। যাত্রাবাড়ী, মহাখালী, আমিনবাজারে তিনটি আড়তও নির্মাণ করা হয়েছে। দফায় দফায় বৈঠক করেও ব্যবসায়ীদের স্থানান্তরে রাজি করাতে পারেনি সিটি করপোরেশন। তবে ডিএনসিসি মেয়র বলছেন, স্থানান্তরের প্রক্রিয়া শেষ পর্যায়ে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকার দক্ষিণ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্টদের দাবি কারওয়ান বাজার থেকে আড়ত এবং কাঁচাবাজার স্থানান্তরে প্রধানমন্ত্রীর অনুশাসন রয়েছে। এরই মধ্যে তৎপরতা শুরু করেছেন তারা।
(জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

**কুমিল্লায় লিকুইড পেট্রোলিয়াম গ্যাস রিফিল করা হচ্ছে রান্নার কাজে ব্যবহৃত সিলিন্ডারে**

কুমিল্লার চৌদ্দগ্রামে গাড়িতে জ্বালানি হিসেবে ব্যবহৃত লিকুইড পেট্রোলিয়াম গ্যাস রিফিল করা হচ্ছে রান্নার কাজে ব্যবহৃত গ্যাস সিলিন্ডারে। এতে যে কোন সময় ঘটতে পারে ভয়াবহ দুর্ঘটনা। খোঁজ নিয়ে জানা গেছে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চৌদ্দগ্রাম উপজেলার ৪০ কিলোমিটার এলাকা এবং এর আশেপাশে মোট ১৫টি এলপিজি গ্যাসের স্টেশন রয়েছে। এসব স্টেশনের অধিকাংশই গুলোতে ১২ ও ৩৫ কেজি ওজনের রান্নার কাজে ব্যবহৃত সিলিন্ডারে গাড়ির জ্বালানি হিসেবে ব্যবহৃত এলপিজি রিসিভ করা হচ্ছে। দাম রাখা হচ্ছে নির্ধারিত বাজার মূল্য থেকে প্রায় ৪০০ টাকা কম।
(জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

**প্রাথমিক স্তরে গাইবান্ধায় চাহিদার ৪৫ ভাগেরও বেশি পাঠ্য বই এখনো শিক্ষার্থীদের হাতে পৌঁছায়নি**

গাইবান্ধায় চাহিদা অনুযায়ী প্রাথমিক স্তরের সব বই এখনো পৌঁছায়নি শিক্ষার্থীদের হাতে। বই সংকটের কারণে বিঘ্নিত হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া। জেলার প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, জেলার প্রাথমিক স্তরে পাঠ্য বইয়ের মোট চাহিদার ৩৬.৪৫ ভাগ বই ২৪ শে জানুয়ারি পর্যন্ত গাইবান্ধায় আসেনি। এ জন্য সব শিক্ষার্থীদের হাতে সব বই তুলে দেওয়া সম্ভব হয়নি। গাইবান্ধা জেলায় মোট ১৪৬৬টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ে প্রথম থেকে পর্যন্ত ৪ লাখ ৩ হাজার ৪৭৩জন ছাত্রছাত্রী অধ্যায়নরত। এজন্য প্রাথমিক শিক্ষা অধিদফতরে বইয়ের চাহিদা পাঠানো হয়েছে মোট ২১ লাখ ৩৪ হাজার ১২৮টি। এখানে পাওয়া গেছে বিভিন্ন শ্রেণীর জন্য ১৩ লাখ ৫৬ হাজার ১৮৫টি বই। সে অনুযায়ী চাহিদার মোট প্রাপ্তির হার ৬৩ দশমিক ৫৫ ভাগ।
(জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

**বিশ্বজুড়ে করোনাভাইরাস মহামারিতে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ও শনাক্ত দুটোই কমেছে**

বিশ্বে মহামারি করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ও শনাক্ত দুটোই কমেছে। এ সময়ে করোনায় মারা গেছেন ৯৩৬জন। একই সময়ে বিশ্বজুড়ে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন এক লাখ ৭০ হাজার ৫৫৪জন।
এর আগের ২৪ ঘণ্টায় বিশ্বে করোনায় এক হাজার ২০৬ জনের মৃত্যু হয়। এ সময়ে নতুন করে সংক্রমিত হন এক লাখ ৯২ হাজার ৩৯১জন। মহামারি শুরু থেকে শনিবার সকাল পর্যন্ত বিশ্বজুড়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৭ লাখ ৫৬ হাজার ৬৬১জনে। এ পর্যন্ত ভাইরাসটিতে মোট সংক্রমিত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৭ কোটি ৪৫ লাখ ২ হাজার ৬৭১জনে। গত ২৪ ঘণ্টায় করোনায় সবচেয়ে বেশি মৃত্যু ও সংক্রমনের ঘটনা ঘটেছে জাপানে।
(জাগো এফএম: ১৯০০ ঘ. ২৮.০১.২৩ আসাদ ও কোহিনুর)

## BBC

**ISRAEL ARRESTS 42 AFTER DEADLY SYNAGOGUE SHOOTING**

Israeli police have arrested 42 people in connection with a deadly shooting at a synagogue in East Jerusalem on Friday. Seven people were killed, and at least three more injured, in the deadliest attack of its kind in years. Two people were also injured on Saturday in a separate attack outside the Old City. Israeli police said the gunman in Saturday's attack was a 13-year-old boy. They said he had been neutralized, but did not give further details.
(BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**UN SAYS RUSSIA BREAKING CHILD PROTECTION RULES**

The head of the United Nations refugee agency has accused Moscow of violating fundamental child protection principles by giving Russian passports to unaccompanied child refugees. Filippo Grandi added that Russia had then been putting these children up for adoption by Russian families. He said the UNHCR would try to get access to those affected and try to find solutions in their best interest. However, Mr Grandi admitted he did not know how many children were affected. (BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**NORTH KOREA CONDEMNS US SENDING BATTLE TANKS TO UKRAINE**

The influential sister of North Korean leader Kim Jong-un has condemned the decision by the United States to supply Ukraine with advanced battle tanks to help fight against Russian forces, accusing Washington of crossing a red line and escalating a proxy war designed to destroy Moscow. The comments on Friday by Kim Yo Jong underscored North Korea's deepening alignment with Russia over the war in Ukraine while it also confronts the US and its Asian allies about its own growing nuclear weapons and missiles programme.
(BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**MALDIVES RULING PARTY HOLDS HIGH-STAKES PRESIDENTIAL PRIMARY**

The Maldives governing party is set hold a primary that is pitting incumbent President Ibrahim Mohamed Solih against his former ally and the nation's first democratically-elected leader, Mohamed Nasheed. The closely fought election on Saturday follows a bitter campaign, with Nasheed framing the poll as a choice between autocracy and democracy, and accusing Solih of vote rigging and bribery - allegations he denies. Some also fear the vote could split the governing Maldivian Democratic Party (MDP) ahead of September's presidential election, as Nasheed has yet to state - even when pushed by reporters - whether he would back Solih if he were to lose.
(BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**QURAN BURNED IN FRONT OF DENMARK MOSQUE, TURKISH EMBASSY**

An anti-Islam activist has burned copies of the Muslim holy book near a Copenhagen mosque and outside the Turkish embassy in Denmark. Rasmus Paludan, a far-right activist who holds both Danish and Swedish citizenship, had already infuriated the Turkish government by staging a Quran-burning protest in Sweden on January 21. On Friday, he replicated the stunt in front of a mosque, as well as the Turkish Embassy in Copenhagen, and promised to continue every Friday until Sweden is admitted into Nato.
(BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**THAPELO AMAD ELECTED FIRST MUSLIM MAYOR OF JOHANNESBURG.**

A councillor from a small Muslim party has been elected mayor of Johannesburg after months of political manoeuvring and legal battles for control of South Africa's business hub. Thapelo Amad, of the Al Jamaah party, was voted in by the city council to replace mayor Mpho Phalatse, a member of South Africa's largest opposition party, the Democratic Alliance (DA). Amad, 41, said he was humbled and overwhelmed at being the first Muslim to helm the country's biggest metropolis. (BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**INDIAN POLICE DETAIN STUDENTS OVER MODI DOCUMENTARY SCREENINGS.**

Police have detained many students in the Indian capital, New Delhi, over the screening of a BBC documentary on Prime Minister Narendra Modi's alleged role during the deadly Gujarat sectarian riots in 2002. Police swarmed Delhi University after student groups supportive of Modi's Bharatiya Janata Party (BJP) objected to the screening, seizing laptops and imposing a ban on assemblies of more than four people. Police officer Sagar Singh Kalsi told Indian news channel NDTV that 24 students were detained. Earlier this week, the federal government used emergency powers to block the airing of the documentary and banned its sharing on social media. (BBC Web page : 28.01.2023 Faruk & Nargis)

**::THE END::**